জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd


অতীব জরুরি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ:
☐ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
..................তারিখের মধ্যে
নথিতে উপস্থাপন/আলাপ করুন।
মহাপরিচালক

পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
ডায়েরী নং........ তারিখ........
পরিচালক (মাধ্যঃ/বি
পরিচালক (১/২/কলেজ-৪)
..................তারিখের মধ্যে
পরিচালক (মাধ্যমিক)

নথি নম্বর: শি:উ: /২৭৭/১১(পার্ট-৩) / ২৬৬২ তারিখ: ২৬/০৫/২০২৫

**বিষয়: নবম-দশম শ্রেণির হিসাববিজ্ঞান বিষয়ের পরিমার্জিত প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন এবং তদানুযায়ী তৈরি নমুনা প্রশ্ন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২০২৫ শিক্ষাবর্ষ থেকে নবম ও দশম শ্রেণির হিসাববিজ্ঞান বিষয়ের প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন পরিমার্জন করা হয়েছে। প্রশ্নপত্র পরিমার্জন প্রক্রিয়া পাঠ্যপুস্তক মুদ্রণের পরে সম্পন্ন হয়েছে বিধায় পাঠ্যপুস্তকে হিসাববিজ্ঞানের নমুনা প্রশ্ন সংযোজন করা সম্ভব হয়নি। এমতাবস্থায় শিক্ষক ও শিক্ষার্থীদের অবহিতকরণ ও পাঠ প্রস্তুতির সুবিধার্থে পরিমার্জিত নম্বর বিভাজন ও নমুনা প্রশ্ন দেশের বিদ্যালয়সমূহে প্রেরণ করা অতীব জরুরি।

অতএব উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে হার্ড ও সফট কপি প্রেরণ করা হলো।

সংযুক্তি:
১. নম্বর বিভাজনের কপি।
২. নমুনা প্রশ্নপত্রের কপি।

**প্রফেসর রবিউল কবীর চৌধুরী** 26.05.25
চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
ফোন: ২২৩৩৮৫৪৩২

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ

নথি নম্বর: শি:উ:/২৭৭/১১ (পার্ট-৩) / ২৬৬২ তারিখ: ২৬/০৫/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১.সভাপতি আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা।
২.সদস্য (পাঠ্যপুস্তক/অর্থ/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
৩.প্রোগ্রামার, এনসিটিবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩-৯৮৮ তারিখ : ১৭/০৬/২০২৫ খ্রি.

উপরোল্লিখিত এনসিটিবি কর্তৃক প্রেরিত নবম-দশম শ্রেণির হিসাববিজ্ঞান বিষয়ের পরিমার্জিত প্রশ্নের ধরন ও নম্বর বিভাজন এবং তদানুযায়ী তৈরি নমুনা প্রশ্নের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

17/06/2025

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

**বিতরণ:**
১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ;
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ;

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা;
০৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড (সকল);
০৪। মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা উপদেষ্টার দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
০৫। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/প্রশিক্ষণ/পরি: ও উন্ন:/অর্থ ও ক্রয়/মনি: এন্ড ইভা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৬। স্কিম পরিচালক, ডিসেমিনেশন অফ নিউ কারিকুলাম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৭। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল);
০৮। জেলা প্রশাসক (সকল);
০৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)[পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ];
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
১১। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন সংশ্লিষ্টদের বাস্তবায়নের অনুরোধসহ];
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা তাঁর আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের অনুরোধসহ];
১৪। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি.................................................;
১৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৬। সংরক্ষণ নথি।

# হিসাববিজ্ঞান

শ্রেণি: নবম-দশম

প্রথম অধ্যায়

## হিসাববিজ্ঞান পরিচিতি

নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. হিসাববিজ্ঞানকে কী নামে অভিহিত করা হয়?
ক. হিসাবব্যবস্থা খ. তথ্যব্যবস্থা গ. নিরীক্ষাব্যবস্থা ঘ. বিবরণী-ব্যবস্থা

২. হিসাববিজ্ঞান তথ্যের বাহ্যিক ব্যবহারকারী কে?
ক. মালিক খ. ব্যবস্থাপক গ. কর কর্তৃপক্ষ ঘ. অভ্যন্তরীণ নিরীক্ষক

৩. হিসাববিজ্ঞানের অন্যতম উদ্দেশ্য কোনটি?
ক. আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নির্ণয়
খ. ব্যয় নিয়ন্ত্রণ করা
গ. জালিয়াতি ও প্রতারণা রোধ করা
ঘ. আর্থিক বিবরণীর তুলনামূলক বিশ্লেষণ করা

৪. সেবামূলক অমুনাফাভোগী প্রতিষ্ঠানের উদাহরণ হলো-
i. শিক্ষাপ্রতিষ্ঠান ii. বিজ্ঞাপনী সংস্থা iii. সামাজিক সংঘ
নিচের কোনটি সঠিক?
ক. iও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৫ , ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
ফ্যালকন ফার্মেসি ঔষধ ক্রয়-বিক্রয়ের একটি পাইকারি ব্যবসায় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সঠিক আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা নির্ণয়ের উদ্দেশ্যে অভিজ্ঞ হিসাবরক্ষক জনাব শাহীনকে নিয়োগ দিলেন।

৫. লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয়ে জনাব শাহীন নিচের কোনটিকে বিবেচনা করবেন?
ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ খ. বিক্রিত ঔষধের ব্যয়
গ. হাতে নগদ ও ব্যাংক জমা ঘ. শুধু নগদে ও চেকে বিক্রয়

৬. কাঙ্ক্ষিত ফলাফল অর্জনের জন্য ফ্যালকন ফার্মেসিকে কোনটি নিয়ন্ত্রণ করতে হবে?
ক. বিদ্যুৎ বিল খ. ধারে ঔষধ বিক্রয় গ. ঔষধ কোম্পানির কমিশন ঘ. ভ্যাটের পরিমাণ

৭. প্রতিষ্ঠানটির উদ্দেশ্য অর্জনে জনাব শাহীনকে নির্ণয় করতে হবে-
i. লাভ-ক্ষতির পরিমাণ ii. মোট সম্পদের পরিমাণ iii. দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ
নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i , ii ও iii

৮. বিজ্ঞান ও প্রযুক্তি-
ক. হিসাবরক্ষণকে সংকুচিত করে
খ. হিসাবরক্ষণকে ব্যয়বহুল করে তুলে
গ. হিসাবরক্ষণের গতি রোধ করে
ঘ. হিসাবরক্ষণের উন্নতি ঘটায়

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১. হিসাববিজ্ঞানকে ব্যবসায়ের ভাষা বলা হয় কেন?
২. হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্যটি ব্যাখ্যা করো।
৩. সরকার বা রাষ্ট্রের প্রতি হিসাববিজ্ঞানের ভূমিকা ব্যাখ্যা করো।
৪. ঋণ প্রদানকারীর জন্য ব্যবসায়ের হিসাব তথ্য যাচাই কেন গুরুত্বপূর্ণ?
৫. ধর্মীয় মূল্যবোধ সৃষ্টিতে হিসাববিজ্ঞানের ভূমিকা ব্যাখ্যা করো।

দ্বিতীয় অধ্যায়

# লেনদেন

নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. নিচের কোনটি ব্যবসায়ের লেনদেন বহির্ভূত ঘটনা?
ক. ধারে পণ্য ক্রয় ১২,০০০ টাকা খ. আসবাবপত্রের অবচয় ২,০০০ টাকা
গ. ২০,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান ঘ. ২,৫০০ টাকার পণ্য ফেরত আসলো

২. লেনদেন-সংক্রান্ত ঘটনা হতে পারে -
i. দৃশ্যমান ii. অদৃশ্যমান iii. অর্থসম্পর্কহীন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. ধারে ক্রয়কৃত পণ্য ফেরত পাঠানোর ক্ষেত্রে কোনটি ব্যবহৃত হয়?
ক. ডেবিট নোট খ. ডেবিট ভাউচার গ. চালান ঘ. ক্রেডিট নোট

৪. A=L+OE সমীকরণটির OE উপাদানটি কী নির্দেশ করে?
ক. সম্পদ খ. মালিকানা স্বত্ব গ. দায় ঘ. মুনাফা

নিচের তথ্য থেকে ৫, ৬, ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:
মনির ট্রেডার্সের মালিক ১ জানুয়ারি ২০২৫ তারিখে ৫০,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত মাসে ধারে বিক্রয়কৃত ১০,০০০ টাকার পণ্যের মধ্যে ৩,০০০ টাকার পণ্য ফেরত এসেছে।
৫. ৫০,০০০ টাকার লেনদেনটির ফলে হিসাব সমীকরণের কোন উপাদান বৃদ্ধি পাবে?
ক. ব্যয় গ. বিনিয়োগ খ. মূলধন ঘ. দায়
৬. ৩,০০০ টাকার লেনদেনটির জন্য মনির ট্রেডার্স কোন দলিলটি প্রস্তুত করবে?
ক. ডেবিট নোট খ. ক্রেডিট নোট গ. চালান ঘ. ডেবিট ভাউচার

৭. উদ্দীপকের আলোকে মাস শেষে মনির ট্রেডার্সের আর্থিক অবস্থায় প্রকাশ পাবে -
i. মোট সম্পদ ৫৭,০০০ টাকা ii. মোট দায় ৭,০০০ টাকা iii. মালিকানা স্বত্ব ৫৭,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৮. 'ব্যক্তিগত প্রয়োজনে নগদ অর্থ উত্তোলন'-এই লেনদেনের ফলে হিসাব সমীকরণে হ্রাস পাবে-
i. সম্পদ ii. দায় iii. মালিকানা স্বত্ব
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৯. শুধু মালিকানা স্বত্ব সমানভাবে হ্রাস-বৃদ্ধি পায় এমন লেনদেন হলো -
i. বিনামূল্যে পণ্য বিতরণ ii. বিক্রিত পণ্য ফেরত iii. মালিক কর্তৃক পণ্য উত্তোলন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১০. ২০২৫ সালের ২০ মার্চ তারিখের ক্রেডিট নোটে নিচের কোনটি সূত্র হিসেবে লেখা যায়?
ক. ক্রয়/চালান নম্বর ৬৫/২০ ফেব্রুয়ারি ২০২৫ খ. বিক্রয়/চালান নম্বর ৭০/১০ মার্চ ২০২৫
গ. ডেবিট নোট ২৫/১৫ মার্চ ২০২৫ ঘ. ডেবিট নোট ৩০/৩০ মার্চ ২০২৫

**সৃজনশীল প্রশ্ন**

১. 'রিফাত এন্টারপ্রাইজ' একটি ব্যবসায় প্রতিষ্ঠান। ২০২৫ সালের ডিসেম্বর মাসে উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়েছে :
ডিসেম্বর ১, ৫,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
ডিসেম্বর ৩, ব্যাংকে ৫০,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খোলা হলো।
ডিসেম্বর ৫, ধারে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
ডিসেম্বর ১০, মালিক কর্তৃক ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ ৪০,০০০ টাকা।
ডিসেম্বর ১৫, ৪৫,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান।

ডিসেম্বর ২০, পাওনাদারকে পরিশোধ ১৫,০০০ টাকা।
ক. উপর্যুক্ত তথ্য হতে ব্যাবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করো। ৪
গ. হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

২. জানুয়ারি ২০২৫ মাসে 'চয়ন ব্রাদার্স'-এর ব্যাবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়:
জানুয়ারি ১, ব্যবসায় মূলধন আনা হলো ৭৫,০০০ টাকা।
জানুয়ারি ২, ১৮,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।
জানুয়ারি ৭, ধারে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
জানুয়ারি ১০, নগদে মনিহারি ক্রয় ২,২০০ টাকা।
জানুয়ারি ১২, মালিক তার ব্যক্তিগত তহবিল থেকে ছেলের স্কুলের বেতন দিলেন ২,০০০ টাকা।
জানুয়ারি ২০, সুমনা ট্রেডার্সের নিকট হতে ৩০,০০০ টাকা পাওয়া গেল।
ক. উপর্যুক্ত তথ্য হতে লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২
খ. 'চয়ন ব্রাদার্স'-এর লেনদেনগুলোর সমীকরণ পদ্ধতিতে কারণ ব্যাখ্যা করো। ৪
গ. 'চয়ন ব্রাদার্স'-এর লেনদেনগুলো দ্বারা হিসাব সমীকরণের উপর প্রভাব দেখাও। ৪

৩. 'লিগ্যাল এইড' নামে জনাব আসফিয়া ২ মে ২০২৫ তারিখে তার আইন ব্যবসায় চালু করেন। প্রথম মাসের ঘটনাগুলো নিম্নরূপ:
মে ২, আইন পেশায় ১,০০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।
মে ৪, অফিস ভাড়া পরিশোধ করা হলো ১৮,০০০ টাকা।
মে ৮, ধারে সেবা সরঞ্জাম ক্রয় করা হলো ৪০,০০০ টাকা।
মে ১২, মক্কেলদের নগদে আইনি সেবা দেওয়া হলো ৯০,০০০ টাকা।
মে ১৬, অফিস কর্মচারীর বেতন পরিশোধ ১০,০০০ টাকা।
মে ২৫, ব্যাংক থেকে ঋণ নেওয়া হলো ১,০০,০০০ টাকা।
মে ২৭, মক্কেলদের ধারে আইনি সেবা দেওয়া হলো ৬০,০০০ টাকা।
মে ৩০, বাকিতে ক্রীত সেবা সরঞ্জামের মূল্য পরিশোধ ৩০,০০০ টাকা।
ক. সেবা সরঞ্জামের অপরিশোধিত মূল্য নির্ণয় করো। ২
খ. মাস শেষে জনাব আসফিয়ার মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মে মাসের ৮, ১২, ২৫ ও ৩০ তারিখের লেনদেনের দ্বারা হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪. সেলিম ট্রেডার্স ফেব্রুয়ারি ২০২৫-এ বিজয় ট্রেডার্সের নিকট নিম্নোক্ত পণ্য বিক্রয় করেন:
ফেব্রুয়ারি ১, নগদে ১৫০ টাকা দরে ১১৫ কেজি চিনি, ভাউচার নং ৩২।
ফেব্রুয়ারি ৭, ১৫২ টাকা দরে ৬০ কেজি চিনি।
ফেব্রুয়ারি ১৫, ১৩০ টাকা দরে ৫০ কেজি মসুর ডাল, চালান নং ১৩৮, শর্ত ২/১৫, নিট ৪০।
সেলিম ট্রেডার্স মোট বিক্রয়ের উপর ১০% কারবারি বাট্টা মঞ্জুর করেন।
ক. উপর্যুক্ত তথ্য হতে ফেব্রুয়ারি ৭ তারিখের নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ফেব্রুয়ারি ১ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ক্যাশমেমো প্রস্তুত করো। ৪
গ. ফেব্রুয়ারি ১৫ তারিখের লেনদেন হতে চালান প্রস্তুত করো। ৪

৫. জেমস ট্রেডার্স ২০২৫ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,২০,০০০ টাকা ও ৭০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে একটি ব্যবসায় শুরু করল। সারা মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :
জানুয়ারি ২, প্রাইম ব্যাংকে ৫০,০০০ টাকা জমা দিয়ে প্রতিষ্ঠানের নামে একটি ব্যাংক হিসাব খোলা হলো।
জানুয়ারি ৪, বেলাল এন্টারপ্রাইজের নিকট হতে ৪৫,০০০ টাকার পণ্য ক্রয়, নগদ প্রদান ২০,০০০ টাকা ও চেকে প্রদান ১৫,০০০ টাকা।
জানুয়ারি ৬, ৮০,০০০ টাকার পণ্য বিক্রয়, নগদ ৩০,০০০ টাকা ও চেকে ২৫,০০০ টাকা পাওয়া গেল।
জানুয়ারি ৯, বেলাল এন্টারপ্রাইজের অবশিষ্ট পাওনা ১০,০০০ টাকা পরিশোধ করা হলো।
জানুয়ারি ১৮, মালিক নিজ প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করলেন ৮,০০০ টাকা।
ক. জেমস ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. জানুয়ারি ১, ২, ৪ ও ৯ তারিখের লেনদেনগুলোর মাধ্যমে প্রমাণ করো যে, A=L+OE
গ. জেমস ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো।

৬. আল-হাসান ২০২৫ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১৫,০০,০০০ টাকা এবং ব্যাংক জমা ৭,২০,০০০ টাকা নিয়ে ' আল-হাসান' নামে একটি রেস্টুরেন্ট চালু করেন। উক্ত মাসে তার রেস্টুরেন্টে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :
জানুয়ারি ৫, গ্রাহকদের সেবা প্রদান ৭৫,০০০ টাকা।
জানুয়ারি ৯, চেকের মাধ্যমে মাসিক ভাড়া প্রদান ৪০,০০০ টাকা।
জানুয়ারি ১১, বিজ্ঞাপন বাবদ পরিশোধ করা হলো ১২,০০০ টাকা।

জানুয়ারি ২১,   ধারে অফিস সাপ্লাইজ ক্রয় করা হলো ১৭,০০০ টাকা।
জানুয়ারি ২৮,   গ্রাহককে ধারে ১,৭৫,০০০ টাকার সেবা প্রদান।
জানুয়ারি ৩০,   ২৮ তারিখে গ্রাহককে প্রদত্ত সেবার বিল চেকে প্রাপ্তি।
জানুয়ারি ৩১,   অফিস সাপ্লাইজের মূল্য পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।
ক.  অফিস সাপ্লাইজের অপরিশোধিত মূল্য নির্ণয় করো।
খ.  ৯ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ভাউচার প্রস্তুত করো।
গ.  জানুয়ারি  ১, ৫, ১১ ও ২৮ তারিখের লেনদেনের জন্য ব্যবসায়ের আর্থিক অবস্থার ওপর প্রভাব দেখাও।

৭. ২০২৫ সালের জানুয়ারি মাসে বড়ুয়া ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয়:
জানুয়ারি  ১,   পণ্যদ্রব্য ক্রয় ৬০,০০০ টাকা।
জানুয়ারি  ১২,   অফিসের জন্য আসবাবপত্র ক্রয় ২৬,৫০০ টাকা।
জানুয়ারি  ২৩,   অনিক ট্রেডার্সের নিকট পণ্য বিক্রয় ১,২৫,০০০ টাকা।
জানুয়ারি  ২৫,   অফিস ভাড়া প্রদান ১৫,০০০ টাকা।
জানুয়ারি  ২৮,  ব্যাংকে জমা দেওয়া হলো ৩২,০০০ টাকা।
জানুয়ারি  ৩০,   মনির ব্রাদার্সের নিকট থেকে পণ্য ক্রয় ২৮,০০০ টাকা।
ক. জানুয়ারি মাসের ক্রয়ের পরিমাণ নির্ণয় করো।
খ. উক্ত মাসে বড়ুয়া ট্রেডার্সের নগদ লেনদেনের পরিমাণ নির্ণয় করো।
গ. বড়ুয়া ট্রেডার্সের জানুয়ারি  ১২, ২৩, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলো দ্বারা দেখাও যে, A=L+OE

৮. ২০২৫ সালের জানুয়ারি মাসের ১ তারিখে জনাব জহির একটি গাড়ি মেরামতের জন্য "জহির ওয়ার্কশপ" নামে ব্যবসায় শুরু করেন। তার প্রতিষ্ঠানে নিম্নের লেনদেনগুলো সংঘটিত হয়।
জানুয়ারি ১,  জনাব জহির নগদ  ৫,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার আসবাবপত্র ব্যবসায়ে বিনিয়োগ করেন।
জানুয়ারি  ১৬, প্রতিষ্ঠানে ব্যবহার করার জন্য ৬৫,০০০ টাকা দিয়ে যন্ত্রপাতি ক্রয় করেন।
জানুয়ারি  ২১,   গাড়ি মেরামত করে ৮০,০০০ টাকা আয় করেন।
জানুয়ারি  ২৬,   ওয়ার্কশপের ভাড়া প্রদান ২১,০০০ টাকা।
জানুয়ারি  ২৮,  প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন প্রদান করেন ২৫,০০০ টাকা।
জানুয়ারি, ৩০,  মালিকের গাড়ি মেরামত ১৫,০০০ টাকা।

ক. জহির ওয়ার্কশপের মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. জানুয়ারি মাসে ব্যবসায়ের মোট আয় ও ব্যয়ের (খরচ) পরিমাণ নির্ণয় করো।
গ. জানুয়ারি  ১, ১৬, ২৮ ও ৩০ তারিখের সংঘটিত লেনদেনগুলোর হিসাব সমীকরণে প্রভাব দেখাও।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. লেনদেন বলতে কী বুঝায়?
২. হিসাব সমীকরণ কী? ব্যাখ্যা করো।
৩. লেনদেনের দ্বৈতস্বত্বা বলতে কী বুঝায়?
৪. মালিকানা স্বত্ব বলতে কী বুঝায়?
৫. ডেবিট নোট কী ? ব্যাখ্যা করো।

তৃতীয় অধ্যায়

# দু'তরফা দাখিলা পদ্ধতি

নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. হিসাব সংরক্ষণের জন্য 'দুতরফা দাখিলা পদ্ধতি' বেশি জনপ্রিয় কেন?

ক. সহজ পদ্ধতি বলে    খ. জটিল এবং বিজ্ঞানসম্মত পদ্ধতি বলে

গ. সহজ এবং অসম্পূর্ণ পদ্ধতি বলে    ঘ. পূর্ণাঙ্গ এবং বিজ্ঞানসম্মত পদ্ধতি বলে

২. দু'তরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য হলো-

i. এ পদ্ধতিতে দাতা ও গ্রহীতা দুটি পক্ষ থাকবে

ii. মোট ডেবিট অঙ্ক সর্বদাই মোট ক্রেডিট অঙ্কের সমান হবে

iii. গ্রহীতার হিসাব ক্রেডিট ও দাতার হিসাব ডেবিট হবে

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii    খ. i ও ii    গ. ii ও iii    ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩, ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

১ জানুয়ারি ২০২৫ তারিখে রুমা ট্রেডার্সের মোট সম্পদ ও মোট দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ১,৮০,০০০ ও ৭৫,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে:

নগদ ৮০,০০০ টাকা, মজুদ পণ্য ৩৪,০০০ টাকা, দেনাদার ৯৬,০০০ টাকা, আসবাবপত্র ৪০,০০০ টাকা, পাওনাদার ৪৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা, বছরের মাঝামাঝি মালিক অতিরিক্ত মূলধন আনয়ন করেন ৬০,০০০ টাকা এবং ব্যবসায় হতে মালিক নগদ উত্তোলন করেন ৩৫,০০০ টাকা।

৩. ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?

ক. ১,০৫,০০০    গ. ১,৫৫,০০০    খ. ১,৮০,০০০    ঘ. ২,৫০,০০০

৪. সমাপনী দায়ের পরিমাণ কত টাকা?

ক. ৭৫,০০০    খ. ৯৫,০০০    গ. ১,৫৫,০০০    ঘ. ১,৭০,০০০

৫. ২০২৫ সালে মুনাফার পরিমাণ কত টাকা?

ক. ২৫,০০০    খ. ৭৫,০০০    গ. ১,২৫,০০০    ঘ. ১,৭৫,০০০

৬. একতরফা দাখিলা পদ্ধতিতে সাধারণত হিসাব সংরক্ষণ করা হয়-

i. সম্পদ    ii. দায়    iii. ব্যয়

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii    খ. i ও iii    গ. ii ও iii    ঘ. i, ii ও iii

৭. নিচের কোনটি সঠিক?

ক. প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ - সমাপনী মোট সম্পদ

খ. সমাপনী মূলধন = প্রারম্ভিক মোট দায় + সমাপনী মোট দায়

গ. প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ - প্রারম্ভিক মোট দায়

ঘ. সমাপনী মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ+ সমাপনী মোট সম্পদ

৮. নিচের কোনটি কে আর্থিক বিবরণীর খসড়াস্বরূপ ব্যবহার করা হয়?

ক. রেওয়ামিল    খ. সমন্বয় দাখিলা    গ. সমাপনী দাখিলা    ঘ. কার্যপত্র

৯. হিসাবচক্রের ধাপগুলোতে নিচের কোন ধারাবাহিকতাটি সঠিক?

ক. রেওয়ামিল, সমন্বয় দাখিলা, কার্যপত্র, আর্থিক বিবরণী

খ. সমন্বয় দাখিলা, রেওয়ামিল, আর্থিক বিবরণী, কার্যপত্র

গ. কার্যপত্র, রেওয়ামিল, সমন্বয় দাখিলা, আর্থিক বিবরণী

ঘ. রেওয়ামিল, কার্যপত্র, সমন্বয় দাখিলা, আর্থিক বিবরণী

১০. প্রারম্ভিক মূলধন ৭০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৯০,০০০ টাকা হলে, লাভ/ক্ষতির পরিমাণ কত টাকা?

ক. লাভ ২০,০০০ খ. ক্ষতি ২০,০০০ গ. ক্ষতি ৭০,০০০ ঘ. লাভ ১০,০০০

১১. দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি কোনটি?
ক. ক্রয় বৃদ্ধি ডেবিট, আয় হ্রাস ক্রেডিট
খ. ব্যয় বৃদ্ধি ডেবিট, আয় হ্রাস ক্রেডিট
গ. সুবিধা গ্রহণকারী ডেবিট, সুবিধা প্রদানকারী ক্রেডিট
ঘ. সুবিধা গ্রহণকারী ক্রেডিট, সুবিধা প্রদানকারী ডেবিট

**সৃজনশীল প্রশ্ন**

১. 'কবি এন্ড ছবি ট্রেডার্স' দুতরফা দাখিলা পদ্ধতি অনুসারে যথাযথভাবে প্রতিটি হিসাবের বই সংরক্ষণ করে থাকেন। ২০২৫ সালের ডিসেম্বর মাসে ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ:
ডিসেম্বর ১, নগদ ১৫,০০,০০০ টাকা মূলধন ব্যবসায়ে আনা হলো।
ডিসেম্বর ১২, ২,৫০,০০০ টাকার (কাপড়) ধারে ক্রয় করা হলো।
ডিসেম্বর ২৩, নগদে ৬০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো।
ডিসেম্বর ২৪, ম্যানেজার শাকিলাকে বেতন প্রদান করা হলো ৪৮,০০০ টাকা। ভাউচার নং ১০২
ডিসেম্বর ৩০, নগদে কমিশন প্রাপ্তি ৮,৫০০ টাকা।
ডিসেম্বর ৩১, ৫% বাট্টায় চেক দ্বারা পণ্য ক্রয় ১,২০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে ডিসেম্বর মাসে মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো।
খ. 'কবি এন্ড ছবি ট্রেডার্স'-এর উপর্যুক্ত লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো।
গ. 'কবি এন্ড ছবি ট্রেডার্স'-এর ২৪ ডিসেম্বর তারিখের লেনদেন অবলম্বনে একটা ভাউচার প্রস্তুত করো।

২. 'আব্দুর রহমান এন্টারপ্রাইজ' ২০২৫ সালের মার্চ ১ তারিখে নগদ ২,৪০,০০০ টাকা; ৫৬,০০০ টাকার যন্ত্রপাতি; ২১,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে অন্যান্য লেনদেন-
মার্চ ৩, কাশেম ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৩৪,০০০ টাকা।
মার্চ ৬, জাহিদ স্টোরের নিকট বিস্কুট বিক্রয় করেন ১৫,০০০ টাকা।
মার্চ ৭, দোকান ভাড়া প্রদান ১৬,৫০০ টাকা।
মার্চ ১০, নগদে পণ্য বিক্রয় ৭৫,০০০ টাকা।
মার্চ ১৭, নগদে পণ্য ক্রয় ৩৫,০০০ টাকা।
মার্চ ১৯, পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ১৫,০০০ টাকা।
মার্চ ২১, জনতা ট্রেডার্সের নিকট থেকে ময়দা ক্রয় ১৭,৫০০ টাকা।
মার্চ ২৮, মালিক নিজ প্রয়োজনে ব্যবসায় থেকে উত্তোলন করেন ৪,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে মার্চ মাসের বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো।
খ. হিসাব সমীকরণের উপর ১, ৩, ৭ ও ১০ তারিখের লেনদেনগুলোর প্রভাব দেখাও।
গ. মার্চ ৬, ১৭, ১৯, ২৮ তারিখের লেনদেনগুলোর ডেবিট-ক্রেডিট নির্ণয় করো।

৩. 'আলম সার্ভিসেস সেন্টার' ১ জানুয়ারি ২০২৫ তারিখে নগদ ৫,০০,০০০ টাকা; ৭৫,০০০ টাকার আসবাবপত্র ও ৫৫,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে একটি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শুরু করেন। উক্ত মাসে তার অন্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ:
জানুয়ারি ২, অফিস ভাড়া পরিশোধ ২২,০০০ টাকা
জানুয়ারি ১০, কাগজ ক্রয় করা হলো ৫,০০০ টাকা
জানুয়ারি ১২, কম্পিউটার মেরামত করা হলো ৩২,০০০ টাকা
জানুয়ারি ২০, চেকে মজুরি প্রদান করা হলো ৮,৫০০ টাকা
জানুয়ারি ২৫, বিসিটি ব্যাংক হতে প্রশিক্ষণ ভাতা প্রাপ্তি (ভাউচার নং ৫০৩) ১৩,০০০ টাকা

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. আলম সার্ভিসেস সেন্টারের উপর্যুক্ত লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো।
গ. ২৫ জানুয়ারির লেনদেন অবলম্বনে ক্রেডিট ভাউচার প্রস্তুত করো।

৪. জনাব খালেক ২০২৫ সালের ১ জুলাই ১,২০,০০০ টাকা এবং ৭৫,০০০ টাকার পণ্য নিয়ে পিউ ট্রেডার্স নামে একটি ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তার অন্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ:
জুলাই ৪, নগদে ৬৬,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করা হলো।
জুলাই ১২, নগদে ৩০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
জুলাই ১৫, জুলাই ৪ তারিখে ক্রয়কৃত আসবাবপত্র আনার জন্য পরিবহণ খরচ প্রদান ৪,০০০ টাকা।

জুলাই ২০, ব্যবসায়ের প্রয়োজনীয় মনিহারি ক্রয় করে নগদ ৮,০০০ টাকা প্রদান করা হলো।
জুলাই ২৫, চেক দ্বারা বিক্রয় ৮০,০০০ টাকা।
জুলাই ৩০, মালিক কর্তৃক উত্তোলন ৫,৭৫০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে মোট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় করো।
খ. পিউ ট্রেডার্সের জুলাই মাসের লেনদেনগুলোর কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো।
গ. পিউ ট্রেডার্সের জুলাই মাস শেষে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো।

৫. জনাব রোকেয়া পানামা সন্সের মালিক, ২০২৫ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :
জানুয়ারি ১, নগদে ৫,৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো।
জানুয়ারি ১০, প্রিয়ন্তী ট্রেডার্সের নিকট বিক্রয় ১,২০,০০০ টাকা।
জানুয়ারি ১৮, নগদে ৮০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
জানুয়ারি ২৫, মালিক ব্যবসায়ের জন্য ৯০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনলেন।
জানুয়ারি ৩০, ধারে বিক্রয় বাবদ পাওনা ১,১০,০০০ টাকা নগদে পাওয়া গেল।

ক. উপর্যুক্ত তথ্য হতে নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো।
খ. উপর্যুক্ত লেনদেনগুলোর সমীকরণভিত্তিক কারণ লেখো।
গ. পানামা সন্সের লেনদেনসমূহের কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো।

৬. জনাব শহীদুল ইসলাম তার ব্যবসায় প্রতিষ্ঠান 'রিয়াদ এন্টারপ্রাইজ'-এর বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০২৫ তারিখে তার ব্যবসায়ের মোট সম্পদ ও দায়ের পরিমাণ যথাক্রমে ৫,৫০,০০০ টাকা ও ১,৭০,০০০ টাকা। উক্ত বছরে জনাব শহীদুল ইসলাম আরও ৫০,০০০ টাকা নতুন করে ব্যবসায়ে বিনিয়োগ করেন। উক্ত বছরে তিনি মোট ৪০,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল :

নগদ ১,৮৫,০০০ টাকা; আসবাবপত্র ১,৮০,০০০ টাকা; দেনাদার ১,৩০,০০০ টাকা; মজুদ পণ্য ৯০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৬০,০০০ টাকা এবং পাওনাদার ৫৫,০০০ টাকা।

ক. 'রিয়াদ এন্টারপ্রাইজ'-এর প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. 'রিয়াদ এন্টারপ্রাইজ'-এর সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো।
গ. প্রারম্ভিক মূলধন ও সমাপনী মূলধন যথাক্রমে ৫,৫০,০০০ টাকা ও ৬,৮৫,০০০ টাকা ধরে ২০২৫ সালে জনাব 'রিয়াদ এন্টারপ্রাইজ'-এর লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতিটি ব্যাখ্যা করো।
২. বিভিন্ন প্রকার হিসাবের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়ম ব্যাখ্যা করো।
৩. হিসাব চক্র কী ? ব্যাখ্যা করো।
৪. একতরফা দাখিলা পদ্ধতির সীমাবদ্ধতা ব্যাখ্যা করো।
৫. কার্যপত্র কেন প্রস্তুত করা হয়?

চতুর্থ অধ্যায়

# মূলধন ও মুনাফা জাতীয় লেনদেন

নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. মূলধন জাতীয় ব্যয় কোনটি?
ক. সুদ প্রদান খ. ভাড়া প্রদান গ. মেশিন ক্রয় ঘ. পণ্য ক্রয়

২. যদি মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা হয় তবে কোনটি নির্ণয় ভুল হবে?
ক. ব্যাংক ব্যালেন্স খ. দেনাদার গ. পাওনাদার ঘ. নিট মুনাফা

৩. মুনাফা জাতীয় ব্যয় হলো-
i. বিক্রয়ের জন্য গাড়ি ক্রয়
ii. ব্যবসায়ের ব্যবহারের জন্য যন্ত্রপাতি ক্রয়
iii. ডেলিভারি ভ্যানের রোড ট্যাক্স ও বিমা প্রিমিয়াম প্রদান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪. যন্ত্রপাতি ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠানের যন্ত্রপাতি বিক্রয়লব্ধ অর্থ দ্বারা কী বুঝায়?
ক. মূলধন জাতীয় প্রাপ্তি খ. মূলধন জাতীয় আয় গ. মুনাফা জাতীয় আয় ঘ. মুনাফা জাতীয় প্রাপ্তি

৫. ব্যবসায়ের জন্য পণ্য আমদানির শুল্ক-
ক. মূলধন জাতীয় ব্যয় খ. মুনাফা জাতীয় ব্যয়
গ. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ঘ. মুনাফা জাতীয় আয়

৬. ব্যবসায়ে ব্যবহারের জন্য ক্রয়কৃত জমির রেজিস্ট্রেশন বাবদ ৫,০০০ টাকা ব্যয় করা হলো। এটি কোন ধরনের ব্যয়?
ক. মুনাফা জাতীয় খ. মূলধন জাতীয় গ. নিয়মিত ঘ. বিলম্বিত মুনাফা জাতীয়

৭. বিশদ আয় বিবরণীতে লিপিবদ্ধ হবে-
i. মুনাফা জাতীয় ব্যয় ii. মুনাফা জাতীয় আয় iii. মূলধন জাতীয় ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৮. আর্থিক অবস্থার বিবরণীতে লিপিবদ্ধ হবে-
i. মূলধন জাতীয় প্রাপ্তি ii. মুনাফা জাতীয় ব্যয় iii. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৯. ব্যবসায়ের পণ্য আনয়নের জাহাজ ভাড়া প্রদান কোন ধরনের লেনদেন?
ক. মুনাফা জাতীয় খ. মূলধন জাতীয় গ. বিলম্বিত মুনাফা জাতীয় ঘ. অপরিচালন

১০. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়-
i. ৩ বছরের জন্য পণ্যের প্রচারণা বাবদ অ্যাড ফার্মকে প্রদান ১,০০,০০০ টাকা
ii. ৩ মাসের ভাড়া অগ্রিম পরিশোধ করা হলো ১৫,০০০ টাকা
ii. ব্যবসায়ের অফিস স্থানান্তর বাবদ ব্যয় ২৫,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১, ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও-
২০২২ সালের ১ জানুয়ারি জনাব প্লাবন ভৌমিক তাঁর ব্যবসায়ের জন্য ৪০,০০০ টাকা মূল্যের একট যন্ত্রপাতি ক্রয় করলেন এবং যন্ত্রটি সংস্থাপন বাবদ ৫,০০০ টাকা ব্যয় করলেন। যন্ত্রটি তিনি ২০২৫ সালে ২৫,০০০ টাকায় বিক্রয় করেন। এ সময় যন্ত্রটির মূল্য অবচয় বাদ দেওয়ার পর ছিল ২৪,০০০ টাকা।

১১. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ কত টাকা?

ক. ৪০,০০০ খ. ৪৫,০০০ গ. ৪৬,০০০ ঘ. ৬৯,০০০

১২. চার বছরে উক্ত যন্ত্রের মোট কত টাকা অবচয় হয়েছে?

ক. ১৫,০০০ খ. ১৬,০০০ গ. ২০,০০০ ঘ. ২১,০০০

১৩. মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত টাকা?

ক. ১,০০০ খ. ১৫,০০০ গ. ১৬,০০০ ঘ. ২০,০০০

**সৃজনশীল প্রশ্ন**

১. ২০২৫ সালে 'বোরহান এন্টারপ্রাইজ' নামের ব্যবসায় প্রতিষ্ঠানের লেনদেনের কিছু অংশ নিম্নরূপ:

| লেনদেনের বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবসায়ে মূলধন বিনিয়োগ | ৫,০০,০০০ |
| যন্ত্রপাতি ক্রয় | ১,৫০,০০০ |
| ব্যাংক থেকে ঋণ গ্রহণ | ৩,০০,০০০ |
| পণ্য ক্রয় | ১০,০০,০০০ |
| কর্মচারীর বেতন প্রদান | ৩,৮০,০০০ |
| বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান | ১২,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ১৫,০০০ |
| বিনিয়োগ হতে মুনাফা প্রাপ্তি | ১৪,০০০ |
| ভাড়া প্রদান (যার মধ্যে ৩,০০০ টাকা ২০২৬ সালের জন্য) | ৪০,০০০ |
| কমিশন প্রাপ্তি (যার মধ্যে ৪,০০০ টাকা ২০২৪ সালের জন্য) | ৫০,০০০ |
| পণ্য বিক্রয় | ২০,০০,০০০ |
| মালিকের ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন | ৫,০০০ |

ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো।
খ. মুনাফা জাতীয় আয় এবং মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো।
গ. মুনাফা জাতীয় ব্যয় এবং মুনাফা জাতীয় প্রদানের পরিমাণ নির্ণয় করো।

২. সাকিব ট্রেডার্সে ২০২৫ সালের এপ্রিল মাসে নিম্নোক্ত ব্যবসায়িক লেনদেনসমূহ সংঘটিত হয়েছে-
এপ্রিল ১: ধানমন্ডি হতে মতিঝিলে ব্যবসায় স্থানান্তর বাবদ ব্যয় ২৫,০০০ টাকা
এপ্রিল ২: মনিহারি দ্রব্যাদি ক্রয় ৩,০০০ টাকা
এপ্রিল ৪: নতুন মেশিন ক্রয় ১,৬০,০০০ টাকা
এপ্রিল ৫ নতুন মেশিন ক্রয় এর বহন খরচ ৭,৫০০ টাকা
এপ্রিল ৭: নতুন মেশিন সংস্থাপন ব্যয় ১৫,০০০ টাকা
এপ্রিল ১০: পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ৩,০০০ টাকা
এপ্রিল ১২: অফিসের গাড়ির জন্য নতুন ব্যাটারি ও টায়ার ক্রয় ৪০,০০০ টাকা
এপ্রিল ১৫ নতুন পণ্যের গবেষণা ব্যয় ১৮,০০০ টাকা

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় করো।
খ. মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।
গ. ৪ তারিখে ক্রীতকৃত মেশিন ১,৯৫,০০০ টাকায় বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নিরূপণ করো।

৩. জনাব নাজিম ঢাকার উত্তরায় ২০২৫ সালের জানুয়ারি মাসে 'ক্যাসেল থ্রি স্টার' নামে একটি রেস্টুরেন্ট পরিচালনা করেন। তাঁর রেস্টুরেন্টের কতিপয় লেনদেন নিম্নরূপ-
তৈজসপত্র ক্রয় ৮০,০০০ টাকা।
সাজসজ্জা-সামগ্রী ক্রয় ২০,০০০ টাকা।
প্রচারণা বাবদ ব্যয় করা হলো ৩,০০০ টাকা।
মালামাল আনয়নের ভ্যানগাড়ি মেরামত ১,০০০ টাকা।
রেস্টুরেন্টে জন্মদিনের অনুষ্ঠান আয়োজন বাবদ বিল আদায় হলো ২২,০০০ টাকা।
নষ্ট রেফ্রিজারেটর চালুর জন্য নতুন কমপ্রেসার ক্রয় ৮,০০০ টাকা।
কর্মচারীদের বেতন প্রদান ৯,০০০ টাকা।
গ্রাহকদের সেবা প্রদানের দ্বারা প্রাপ্তি ২৫,০০০ টাকা।
ভাড়া পরিশোধ ৫০,০০০ টাকা।
আলমারি ক্রয় ২৫,০০০ টাকা।

ক. মুনাফা জাতীয় আয়ের মোট পরিমাণ নির্ণয় করো।
খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।
গ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।

৪. 'রাহা এন্ড ব্রাদার্স' নামে ব্যবসায় প্রতিষ্ঠানের জুন, ২০২৫ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:

| | |
|---|---|
| ব্যবসায়ের মূলধন আনয়ন | ২,৫০,০০০ টাকা |
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ টাকা |
| বাট্টা প্রাপ্তি | ৫,৭০০ টাকা |
| বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ৪,০০,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি (২০২৪ সালের ৫০%) | ৪০,০০০ টাকা |
| আসবাবপত্র বিক্রয়জনিত লাভ | ৪,৫০০ টাকা |
| আমদানি শুল্ক পরিশোধ | ৫,০০০ টাকা |
| ব্যবসায়ের জন্য ফ্রিজ ক্রয় | ৭৫,০০০ টাকা |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৫০,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৭,৩০,০০০ টাকা |
| বিমা সেলামি | ৭,৫০০ টাকা |
| শিক্ষানবিস সেলামি (যার ৭৫% টাকা গত বছরের) | ৪০,০০০ টাকা |
| পুরাতন কম্পিউটার বিক্রয় | ১০,০০০ টাকা |
| ঋণের সুদ প্রদান | ৫,০০০ টাকা |

ক. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।
খ. মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।
গ. মূলধন জাতীয় প্রাপ্তি এবং মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নির্ণয় করো।

৫. ২০২৫ সালের মে মাসে প্রবির ও সুপ্রিয়া দুই বন্ধু মিলে 'আগুয়ান ডিপার্টমেন্টাল স্টোর' নামে একটি চেইন শপ চালু করেন। উক্ত শপের কতিপয় লেনদেন নিচে দেওয়া হলো:
মে ৪, ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা
মে ৭ , দোকানের সাজসজ্জার পরিবর্তন ব্যয় ১,০০,০০০ টাকা
মে ১০, পণ্য পরিবহণ ব্যয় ১,৫০০ টাকা
মে ১২, পণ্য বিক্রয় ১৮,০০০ টাকা
মে ১৫, বাট্টা প্রদান ৭০০ টাকা
মে ১৬, ধারে পণ্য বিক্রয় ২২,০০০ টাকা
মে ২০, দোকানের জন্য ফ্রিজ ক্রয় ৪৫,০০০ টাকা
মে ২২, বিদ্যুৎ বিল পরিশোধ ১,২০০ টাকা
মে ২৫, কমিশন প্রাপ্তি ৩,০০০ টাকা
মে ৩০, লভ্যাংশ প্রাপ্তি ২,০০০ টাকা

ক. উপর্যুক্ত তথ্যাদি হতে মূলধন জাতীয় লেনদেনের মোট পরিমাণ নির্ণয় করো।
খ. উক্ত ব্যবসায়ের মে মাসের মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।
গ. উক্ত ব্যবসায়ের মে মাসের মোট মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. মূলধন জাতীয় ব্যয় বলতে কী বুঝায়?
২. উদাহরণসহ মূলধন জাতীয় প্রাপ্তি ও আয়ের সম্পর্ক ব্যাখ্যা করো।
৩. উদাহরণসহ মুনাফা জাতীয় প্রদান ও ব্যয়ের সম্পর্ক ব্যাখ্যা করো।
৪. আর্থিক বিবরণী প্রস্তুতে মূলধন ও মুনাফা জাতীয় লেনদেনের প্রভাব ব্যাখ্যা করো।
৫. উদাহরণসহ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের ধারণাটি ব্যাখ্যা করো।

পঞ্চম অধ্যায়

# হিসাব

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. হিসাবের 'T' ছকে মোট কয়টি কলাম?
ক. ৬টি খ. ৭টি গ. ৮টি ঘ. ১০টি

২. হিসাব সমীকরণের সঠিক প্রকাশ হলো-
i. সম্পদ = দায় + মালিকানা স্বত্ব ii. সম্পদ-মালিকানা স্বত্ব = দায় iii. সম্পদ + মালিকানা স্বত্ব = দায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. কোনো হিসাবের মোট ডেবিট ও মোট ক্রেডিট টাকার পার্থক্যকে কী বলা হয়?
ক. লাভ খ. ক্ষতি গ. দায় ঘ. উদ্বৃত্ত

৪. 'দেনাদার' কোন শ্রেণির হিসাব?
ক. সম্পদ খ. মালিকানা স্বত্ব গ. দায় ঘ. আয়

৫. একই শ্রেণিভুক্ত হিসাবগুলো হলো-
i. বেতন ii. বিক্রয় iii. বিজ্ঞাপন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৬. লেনদেনের সাথে সংশ্লিষ্ট হিসাব খাত ক্রেডিট হয়, যখন-
i. সম্পদ বৃদ্ধি পায় ii. মালিকানা স্বত্ব বৃদ্ধি পায় iii. খরচ হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৭. প্রতিষ্ঠানের প্রতিটি খাতের ক্রমাগত পরিবর্তন ও নিট পরিমাণ জানার জন্য কোনটি প্রস্তুত করা হয়?
ক. হিসাব খ. ভাউচার গ. জাবেদা ঘ. রেওয়ামিল

৮. প্রতিষ্ঠানের অলস অর্থ দ্বারা শেয়ার, ঋণপত্র বা বন্ড ক্রয় করলে কোন হিসাবে লিপিবদ্ধ হবে?
ক. মূলধন খ. উত্তোলন গ. বিনিয়োগ ঘ. ঋণ

৯. চলমান জের ছকে কখন হিসাবের উদ্বৃত্ত নির্ণয় করা হয়?
ক. প্রতি সপ্তাহ শেষে খ. প্রতি মাস শেষে গ. প্রতিটি লেনদেন লিপিবদ্ধের পর ঘ. প্রতিদিনের শেষে

১০. হিসাব সমীকরণ অনুযায়ী হিসাব কত প্রকার?
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭

১১. কোন লেনদেনের প্রভাবে মালিকানা স্বত্বের পরিমাণ বৃদ্ধি পাবে?
ক. ব্যাংক হতে মালিকের জন্য ২,০০০ টাকা উত্তোলন। খ. ৫,০০০ টাকার আসবাবপত্র ক্রয়।
গ. বাকিতে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা। ঘ. নগদে পণ্য ক্রয় ২,০০০ টাকা।

নিচের তথ্যের ভিত্তিতে ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও-
নরেশ ট্রেডার্সের ২০২৫ সালের মে ৩১ তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ ছিল:
আসবাবপত্র হিসাব ২০,০০০ টাকা, নগদান হিসাব ৩০,০০০ টাকা, ক্রয় হিসাব ১০,০০০ টাকা, বিক্রয় হিসাব ২৫,০০০ টাকা, মূলধন হিসাব ৪০,০০০ টাকা, উত্তোলন হিসাব ৫,০০০ টাকা।

১২. নরেশ ট্রেডার্সের মোট সম্পদ কত টাকা?
ক. ৫০,০০০ খ. ৬০,০০০ গ. ৬৫,০০০ ঘ. ৭৫,০০০

১৩. মালিকানা স্বত্বের নিট পরিমাণ কত টাকা হবে?
ক. ৩৫,০০০ খ. ৫০,০০০ গ. ৬৫,০০০ ঘ. ৭০,০০০

নিচের তথ্যের ভিত্তিতে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও-
জনাব জাহিদ ২০২৫ সালের ১ জানুয়ারি নগদ ২,০০,০০০ টাকা, ২০,০০০ টাকার প্রাইজবন্ড ও ২৫,০০০ টাকা নিয়ে জাহিদ ট্রেডার্স নামে ব্যবসায় শুরু করেন। ৩১ জানুয়ারি কর্মচারীদের ৫,০০০ টাকা বেতন পরিশোধ করেন।

১৪. জাহিদ ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?
ক. ২,৪৫,০০০ খ. ২,২০,০০০ গ. ২,০০,০০০ ঘ. ১,৮০,০০০

১৫. উপর্যুক্ত ৫,০০০ টাকার লেনদেনের ফলে হিসাব সমীকরণের-
i. A উপাদান হ্রাস পাবে ii. L উপাদান বৃদ্ধি পাবে iii. OE উপাদান হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**সৃজনশীল প্রশ্ন**
১. "শাহীন এন্টারপ্রাইজ"-এর ২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নিম্নরূপ:

| | |
|---|---|
| মূলধন.... ২,৫০,০০০ টাকা | আসবাবপত্র ৯০,০০০ টাকা |
| বন্ধকি ঋণ ........ ১,০০,০০০ টাকা | প্রাপ্য হিসাব ৬৫,০০০ টাকা |
| অগ্রিম ভাড়া .............২০,০০০ টাকা | প্রদেয় হিসাব.. ৪০,০০০ টাকা |
| আয়কর ১৫,০০০ টাকা | অনাদায়ী সুদ..... ৫,০০০ টাকা |
| বকেয়া বেতন............ ১২,০০০ টাকা | যন্ত্রপাতি ১,২০,০০০ টাকা |
| জীবন বিমা প্রিমিয়াম ....... ৫,০০০ টাকা | ব্যাংক হিসাব ৫৫,০০০ টাকা |
| প্রদেয় বিল, ৩০,০০০ টাকা | নগদান হিসাব ৫,০০০ টাকা |

অগ্রিম প্রাপ্ত কমিশন ৪,০০০ টাকা, সুনাম ১৫,০০০ টাকা, অনুপার্জিত উপভাড়া ২,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন ৮,৫০০ টাকা, বকেয়া মনিহারি ৩,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো।
খ. শাহীন এন্টারপ্রাইজের সম্পদ হিসাব চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো।
গ. উল্লিখিত হিসাবগুলো হতে মোট দায় হিসাবের পরিমাণ নির্ণয় করো।

২. জনাব অপু ২০২৫ সালের ১ জানুয়ারি নগদ ১,৭০,০০০ টাকা এবং প্রতিটি ৭৫,০০০ টাকা মূল্যের ২টি ফটোকপি মেশিন নিয়ে "কম্পোজ এন্ড কপি" নামে একটি ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ের অন্য লেনদেনগুলো নিম্নরূপ:
জানু - ৩, ব্যাংকে ৫০,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলেন।
,,-৪, দোকানে বৈদ্যুতিক মিটার স্থাপনের খরচ ১৫,০০০ টাকা প্রদান।
,,-৭, ফটোকপি ও কম্পোজের কাগজ ক্রয় ২,০০০ টাকা।
,,- ৮, বাকিতে ১টি ফ্যান ক্রয় ৩,০০০ টাকা।
,,- ১৫, দোকানের পরিচিতির জন্য এলাকায় ২,০০০ টাকা ব্যয়ে প্রচারপত্র বিতরণ।
,,- ২৪, একটি স্কুলের প্রশ্ন ফটোকপি বাবদ নগদে পাওয়া গেল ৮,০০০ টাকা।
,,- ৩০, দোকান ভাড়া বাবদ ৫,০০০ টাকার চেক প্রদান।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. জানুয়ারি ১, ৩, ৭ ও ১৫ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি দেখাও।
গ. জানুয়ারি ৪, ৮, ২৪ ও ৩০ তারিখের লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো।

৩. রড ও সিমেন্টের পাইকারি ব্যবসায় প্রতিষ্ঠান 'মেসার্স পদ্মা স্টিল'-এর ২০২৫ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:
মার্চ- ২, ১০০০ ব্যাগ সিমেন্ট ক্রয় ৪,০০,০০০ টাকা।
,,- ৬, রড ও সিমেন্ট পরিমাপের জন্য নতুন স্কেল ক্রয় ৪০,০০০ টাকা।
,, -৯, পূর্বের পাওনা বাবদ চেক প্রাপ্তি ২,০০,০০০ টাকা।
,,- ১৫, ব্যাংক হতে উত্তোলন ১,৫০,০০০ টাকা।
,,- ১৮, রেজা ট্রেডার্সের নিকট ২০০ ব্যাগ সিমেন্ট বিক্রয় ১,০০,০০০ টাকা।
,,-২০, ১০০ টন রড আনার জন্য ট্রাক ভাড়া প্রদান ২৫,০০০ টাকা।
,,- ২৬, রেজা ট্রেডার্স হতে ১০ ব্যাগ সিমেন্ট ফেরত এলো।
,,- ২৮, রড ও সিমেন্ট আনা-নেওয়ার জন্য একটি মোটর ভ্যান ক্রয় ২,২০,০০০ টাকা।

ক. উপযুক্ত তথ্য হতে ব্যয় হিসাবের পরিমাণ নির্ণয় করো।
খ. মার্চ ২ থেকে মার্চ ১৫ তারিখের লেনদেনগুলো হতে হিসাবের শ্রেণি উল্লেখসহ ডেটর ও ক্রেডিটর নির্ণয় করো।
গ. মার্চ ১৮ থেকে মার্চ ২৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেটর ও ক্রেডিটর নির্ণয় করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১. হিসাব কেন প্রস্তুত করা হয়?

২. জের নির্ণয়ের ক্ষেত্রে T ছক ও চলমান জের ছকের পার্থক্য ব্যাখ্যা করো।

৩. ‘প্রতিটি লেনদেন দ্বারা অন্তত দুটি হিসাবখাত প্রভাবিত হয়’- ব্যাখ্যা করো।

৪. হিসাবের উদ্বৃত্ত কীভাবে নির্ণয় করা হয় ?

# ষষ্ঠ অধ্যায়
# জাবেদা
## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. জাবেদার মাধ্যমে কোনটি নিশ্চিত হওয়া যায়?
ক. নির্ভুল ফলাফল খ. হিসাবের গাণিতিক শুদ্ধতা গ. দৈত স্বত্বার প্রয়োগ ঘ. প্রত্যাশিত মুনাফা অর্জন

২. জাবেদাকে বলা হয় হিসাবের -
i. প্রাথমিক বই ii. সহকারী বই iii. স্থায়ী বই
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. জাবেদা থেকে জানা যায়-
i. মোট লেনদেনের সংখ্যা ii. মোট অর্থের পরিমাণ iii. লেনদেন সংঘটিত হওয়ার কারণ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও ii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪. প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করা হয় কোনটি?
ক. পণ্য ক্রয় খ. পণ্য বিক্রয় গ. বকেয়া বেতন ঘ. আন্তঃফেরত

৫. ক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?
ক. চেকে পণ্য ক্রয় গ. ধারে সম্পদ ক্রয় খ. শুধু নগদে পণ্য ক্রয় ঘ. শুধু বাকিতে পণ্য ক্রয়

৬. বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল কোনটি?
ক. ডেবিট নোট খ. ক্রেডিট নোট গ. ডেবিট ভাউচার ঘ. ক্রেডিট ভাউচার

৭. কোন দাখিলার মাধ্যমে আয় ও ব্যয় হিসাব বন্ধ করা হয়?
ক. প্রারম্ভিক খ. স্থানান্তর গ. সমন্বয় ঘ. সমাপনী

৮. কোনটি ক্রয়ের জন্য 'অফিস সরঞ্জাম হিসাব' ডেবিট হবে?
ক. স্ট্যাপলার খ. কম্পিউটার গ. পেপার ওয়েট ঘ. আলমারি

৯. কর্মচারী শাকিলের বেতন অপরিশোধিত রয়েছে। এর সঠিক জাবেদা কোনটি?

ক. শাকিল হিসাব ... ডেবিট
বেতন হিসাব... ক্রেডিট
খ. বেতন হিসাব .... ডেবিট
শাকিল হিসাব.... ক্রেডিট
গ. বেতন হিসাব ... ডেবিট
বকেয়া বেতন হিসাব ... ক্রেডিট
ঘ. বকেয়া বেতন হিসাব ... ডেবিট
বেতন হিসাব ...ক্রেডিট

নিচের অনুচ্ছেদটি পড়ে ১০, ১১, ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও-

২০২৫ সালের ১ অক্টোবর তারিখে মিসেস সাবিনা নিজস্ব জমি বিক্রয় করে ২,০০,০০০ টাকা এবং তার সাবিনা এন্টারপ্রাইজ নামক প্রতিষ্ঠানের নামে ব্যাংক হতে ১,০০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। অক্টোবর ৫ তারিখে ৪০,০০০ টাকার আসবাবপত্র নগদে ক্রয় করেন। অক্টোবর ১০ তারিখে জনাব মাসুদের নিকট ৩০,০০০ টাকার পণ্য নগদে বিক্রয় করেন। অক্টোবর ১৫ তারিখে ৫,০০০ টাকার ক্রীত পণ্য ফেরত প্রদান করেন।

১০. সাবিনা এন্টারপ্রাইজের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত টাকা?
ক. ১,০০,০০০ খ. ২,০০,০০০ গ. ৩,০০,০০০ ঘ. ৩,৪০,০০০

১১. অক্টোবর ৫ তারিখের লেনদেনটি কোন প্রাথমিক বইতে লিপিবদ্ধ হবে?
ক. ক্রয় জাবেদায় খ. প্রকৃত জাবেদায় গ. নগদ প্রদান জাবেদায় ঘ. সাধারণ জাবেদায়

১২. ১০ তারিখের লেনদেনটির সঠিক জাবেদা কোনটি?
ক. মাসুদ হিসাব ..... ডেবিট ৩০,০০০ টাকা
বিক্রয় হিসাব ...... ক্রেডিট ৩০,০০০ টাকা
খ. নগদান হিসাব...... ডেবিট ৩০,০০০ টাকা
বিক্রয় হিসাব ...... ক্রেডিট ৩০,০০০ টাকা
গ. নগদান হিসাব ...... ডেবিট ৩০,০০০ টাকা
মাসুদ হিসাব ...... ক্রেডিট ৩০,০০০ টাকা
ঘ. মাসুদ হিসাব ...... ডেবিট ৩০,০০০ টাকা
নগদান হিসাব...... ক্রেডিট ৩০,০০০ টাকা

১৩. ১৫ তারিখের লেনদেনের উৎস দলিল কোনটি?
ক. ডেবিট ভাউচার খ. ডেবিট নোট গ. ক্রেডিট ভাউচার ঘ. ক্রেডিট নোট

**সৃজনশীল প্রশ্ন**

১. তৈরি পোশাক ব্যবসায়ী "আফরোজা ফ্যাশন"-এর ২০২৫ সালের ডিসেম্বর মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:
ডিসে: ১, ৫% বাট্টায় মাহমুদ ফ্যাশন হতে প্রতিটি ১,৩০০ টাকা দরে ৫০০টি প্যান্ট ক্রয় এবং বহন খরচ ১০০০ টাকা। চালান নং ৭৮, শর্ত ২/৫, নিট ১৫।
ডিসে: ৩, নগদে প্যান্ট বিক্রয় ৩৫,০০০ টাকা।
ডিসে: ৮, মাহমুদ ফ্যাশনকে ১০০টি প্যান্ট ত্রুটিযুক্ত থাকায় ফেরত প্রদান।
ডিসে: ১০, পুরাতন আসবাবপত্র মেরামত ৫০০ টাকা।
ডিসে: ১৫, ইসলাম স্টোর হতে প্রতি জোড়া ১,৪০০ টাকা দরে ২০০টি শার্ট ক্রয়, বাট্টা ১০%, শর্ত ২/৭, নিট ৩০।
ডিসে: ২০, মাহমুদ ফ্যাশনকে পরিশোধ ৪০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে ফেরত পণ্যের মূল্য নির্ণয় করো।
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে আফরোজা ফ্যাশনের ক্রয় জাবেদা প্রস্তুত করো।
গ. ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও।

২. বাহাউদ্দিন এন্ড সন্সের ২০২৫ সালের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:
মে ২, ব্যবসায়ের জন্য ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা।
মে ৩, রমিজ ব্রাদার্সের নিকট ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১৭৩। চালানে পরিবহণ খরচ ধরা হয়েছে ১,০০০ টাকা।
মে ৫, ভাড়া অগ্রিম পরিশোধ ৩,০০০ টাকা।
মে ৮, পণ্য ক্রয় বাবদ চেক প্রদান ৭,০০০ টাকা।
মে ১০, ৫% বাট্টায় শাহাদাত এন্ড কোং-এর নিকট ৯,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং-১৭৪। প্যাকিং চার্জ ৫০০ টাকা।
মে ১৫, নগদ উত্তোলন ১,০০০ টাকা।

ক. বাহাউদ্দিন এন্ড সন্সের মে মাসের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ নির্ণয় করো।
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত করো।
গ. বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও।

৩. চৌধুরী হার্ডওয়ারের ২০২৫ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:
জানু: ১, নগদ ২,৫০,০০০ টাকা ও ৬৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
জানু: ৫, ৫% বাট্টায় সুবর্ণা ট্রেডার্সের নিকট প্রতি ফুট ১৯২ টাকা দরে ২৫০ ফুট জি আই পাইপ বিক্রয়। চালান নং ২০৫, প্যাকিং চার্জ ৫০০ টাকা।
জানু: ৮, রাজন ট্রেডার্সের নিকট থেকে ৪১,৫০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান।
জানু: ১৫, ব্যবসায়ের ব্যবহারের জন্য কাগজ ও কলম ক্রয় ২০০ টাকা।
জানু: ১৮, ব্যবসায়ের জন্য আলমারি ক্রয়ের পরিবহণ ব্যয় ১,৫০০ টাকা।
জানু: ২৮, ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৮০০ টাকা।

ক. চৌধুরী হার্ডওয়ারের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. ৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান প্রস্তুত করো।
গ. জানুয়ারি মাসের ৮, ১৫, ১৮ ও ২৮ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো।

৪. খান কম্পিউটার-এর ২০২৫ সালের জুলাই মাসের লেনদেনসমূহ নিম্নরূপ;
জুলাই ৫, মাহি কম্পিউটার থেকে প্রতিটি ৩৬,০০০ টাকা দরে ৮টি কম্পিউটার ক্রয়। কারবারি বাট্টা ৬%, চালান নং- ৫০৯, বহন খরচ ১,৫০০ টাকা।

জুলাই ১৫,  রাজু কম্পিউটার থেকে প্রতিটি ৪০,০০০ টাকা দরে ৬টি কম্পিউটার ক্রয়। চালান নং- ৩১১, কারবারি বাট্টা ৫%, প্যাকিং খরচ ৫০০ টাকা।
জুলাই ২০,  কম্পিউটার নষ্ট থাকায় ৩টি কম্পিউটার রাজু কম্পিউটার-কে ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং-০১।

ক. জুলাই মাসে খান কম্পিউটার-এর ক্রয়সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় করো।
খ. জুলাই মাসের তথ্য অবলম্বনে একটি ডেবিট নোট প্রস্তুত করো।
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে খান কম্পিউটার-এর একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো।

৫. মেসার্স আলফা ট্রেডার্সের ২০২৫ সালের ১ জানুয়ারি তারিখে সম্পদ ও দায়-দেনা ছিল নিম্নরূপ: নগদান হিসাব ৪০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, বিনিয়োগ ৫০,০০০ টাকা, পাওনাদার ১০,০০০ টাকা ও মূলধন ১,৮০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে ব্যবসায়ের নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করা হয়:

১. মোট প্রদত্ত বেতন ১,২০,০০০ টাকা, যার মধ্যে ২০,০০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।
২. ভাড়া প্রদান করা হয়েছে ৫০,০০০ টাকা এবং ১০,০০০ টাকা বকেয়া রয়েছে।
৩. বিনিয়োগের প্রাপ্য সুদের পরিমাণ ৫,০০০ টাকা।
৪. আসবাবপত্রের উপর ১০,০০০ টাকা অবচয় ধার্য করা হয়।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক জাবেদা দাখিলা দাও।
খ. বছর শেষে প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দেখাও।
গ. মেসার্স আলফা ট্রেডার্সের প্রকৃত জাবেদায় সমাপনী দাখিলা প্রদান করো।

৬. নীহারিকা ফার্মেসির ২০২৫ সালের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:

জুলাই-১, নতুন ট্রেড লাইসেন্স ফি প্রদান ৩০,০০০ টাকা।
জুলাই-৫, সাধনা ফার্মেসিকে প্রতি কার্টুন ৫০০ টাকা দরে ক্রীত ২০ কার্টুন ঔষধ ত্রুটিযুক্ত থাকায় ফেরত। বাট্টা ১০%। ডেবিট নোট নং ১১১।
জুলাই-১০, ব্যবসায়ের হিসাবরক্ষণের জন্য ৪০,০০০ টাকায় ১টি কম্পিউটার ক্রয়।
জুলাই-১৫, 'চন্দনা মেডিকেয়ার' হতে মেয়াদ উত্তীর্ণের কারণে প্রতি প্যাকেট ৩০০ টাকা দরে ১০০ প্যাকেট ভিটামিন ক্যাপসুল ফেরত। কারবারি বাট্টা ৫%। ক্রেডিট নোট নং ২২২।
জুলাই-২০, প্রিয়ন্তী ফার্মা থেকে ক্রীত ১২০ টাকা দরে ৫০০ ব্যাগ স্যালাইন ফরমায়েশ অনুযায়ী না হওয়ায় ফেরত প্রদান। কারবারি বাট্টা ৫%। ডেবিট নোট নং ০৩।
জুলাই-৩০, নিরাময় ড্রাগস এর নিকট ১০% বাট্টায় বিক্রীত ২৫,০০০ টাকার ঔষধ নিম্নমানের কারণে ফেরত আসে। ক্রেডিট নোট নং ৪৪৪।

ক. জুলাই ১ ও জুলাই ১০ তারিখের লেনদেন দ্বারা সাধারণ জাবেদা প্রস্তুত করো।
খ. নীহারিকা ফার্মেসির জুলাই মাসের ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো।
গ. উপর্যুক্ত তথ্য হতে নীহারিকা ফার্মেসির আন্তঃফেরত জাবেদা প্রস্তুত করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. জাবেদাকে হিসাবের প্রাথমিক বই বলা হয় কেন?
২. জাবেদার শ্রেণিবিভাগ ছকের সাহায্যে দেখাও।
৩. জাবেদার গুরুত্ব ব্যাখ্যা করো।
৪. উদাহরণসহ সমন্বয় জাবেদা ব্যাখ্যা করো।
৫. কারবারি বাট্টা ও নগদ বাট্টা বলতে কী বুঝায়?

সপ্তম অধ্যায়

# খতিয়ান

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. কোনটি থেকে ব্যবসায়ের মোট আয়, ব্যয়, সম্পদ ও দায়ের পরিমাণ সম্পর্কে ধারণা পাওয়া যায়?
ক. সাধারণ জাবেদা খ. বিশেষ জাবেদা গ. সাধারণ খতিয়ান ঘ. সহকারী খতিয়ান

২. দেনাদার ও পাওনাদারের জন্য প্রস্তুতকৃত আলাদা খতিয়ানকে কী বলা হয়?
ক. সাধারণ খতিয়ান খ. সংযুক্ত খতিয়ান গ. সহকারী খতিয়ান ঘ. মূল খতিয়ান

৩. খতিয়ান হিসাবের-
i. প্রাথমিক বই ii. পাকা বই iii. স্থায়ী বই
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪. ব্যয় হিসাবসমূহ সর্বদা কোন জের প্রকাশ করে?
ক. ডেবিট খ. ক্রেডিট গ. প্রারম্ভিক ঘ. সমাপনী

৫. খতিয়ান প্রস্তুতে চলমান জের ছক অনুসরণের ফলে-
i. মোট ডেবিট পোস্টিংয়ের পরিমাণ জানা যায়
ii. মোট ক্রেডিট পোস্টিংয়ের পরিমাণ জানা যায়
iii. প্রতিনিয়ত হিসাবের জের পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৬. হিসাবের ডেবিট দিকের যোগফল, ক্রেডিট দিকের যোগফল অপেক্ষা বেশি হলে কোন উদ্বৃত্ত প্রকাশ করবে?
ক. প্রারম্ভিক খ. সমাপনী গ. ডেবিট ঘ. ক্রেডিট

৭. খতিয়ানে ব্যবহৃত C/D দ্বারা কী বোঝায়?
ক. সম্মুখে আনীত খ. নিচে আনীত গ. উপর থেকে আনীত ঘ. পেছন থেকে আনীত

৮. খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায়-
i. সম্পদ ii. খরচ iii, আয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৯. সহকারী খতিয়ান সম্পর্কিত হিসাব হলো-
i. দেনাদার ii. পাওনাদার iii. ব্যাংক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১০. খতিয়ান প্রস্তুতের জন্য-
i. লেনদেনের বিশ্লেষণ অত্যাবশ্যক ii. জাবেদাভুক্তকরণ অত্যাবশ্যক iii. জাবেদাভুক্তকরণ সহায়ক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১১. খতিয়ানের উদ্বৃত্তসমূহ দিয়ে কোনটি প্রস্তুত করা হয়?
ক. নগদান বই খ. প্রদেয় হিসাব গ. প্রাপ্য হিসাব ঘ. রেওয়ামিল

নিচের হিসাবের ভিত্তিতে ১২, ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:

নগদান হিসাব হিসাবের কোড নং-----

| তারিখ | বিবরণ | জা. পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত/জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৫ | | | | | | |
| জুন-১ | ব্যালেন্স B/D | | | | ১০,০০০ | |
| জুন-১৩ | আসবাবপত্র হিসাব | | ২,০০০ | | | |
| জুন-১৮ | ক্রয় হিসাব | | | ৫,০০০ | | |
| জুন-৩০ | বিক্রয় | | ৮,০০০ | | | |

১২. জুন ১৩ তারিখের সাধারণ জাবেদা কোনটি?

ক. আসবাবপত্র হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট

খ. আসবাবপত্র হিসাব ডেবিট
ক্রয় হিসাব ক্রেডিট

গ. নগদান হিসাব ডেবিট
আসবাবপত্র হিসাব ক্রেডিট

ঘ. আসবাবপত্র হিসাব ডেবিট
বিক্রয় হিসাব ক্রেডিট

১৩. নগদান হিসাবটির সমাপনী উদ্বৃত্ত কত টাকা?

ক. ১০,০০০ খ. ১২,০০০ গ. ১৫,০০০ ঘ. ১৮,০০০

১৪. হিসাবটি থেকে জুন মাসে নগদ লেনদেন সম্পর্কে যা প্রকাশ পায়, তা হলো-

i. মোট নগদ প্রাপ্তি ১০,০০০ টাকা ii. মোট নগদ প্রদান ৫,০০০ টাকা iii. সমাপনী হাতে নগদ ৫,০০০ টাকা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**সৃজনশীল প্রশ্ন**

১. ঢাকার 'নিরাময় ফার্মা'-এর ২০২৫ সালের জানুয়ারি মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:
জানুয়ারি-১, নগদ ৫৫,০০০ টাকা, ৫০,০০০ টাকার কম্পিউটার ও ৩০,০০০ টাকা মূল্যের বিক্রয়যোগ্য ঔষধ নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
জানুয়ারি-৩, জাহান ড্রাগস হতে ঔষধ ক্রয় ৮০,০০০ টাকা।
জানুয়ারি-৭, পুরাতন ১টি প্রিন্টার মেশিন বিক্রয় ৩,২০০ টাকা।
জানুয়ারি-১৮, মেয়াদ উত্তীর্ণের কারণে জাহান ড্রাগসকে ঔষধ ফেরত ৬,০০০ টাকা।
জানুয়ারি-২৭, নগদে ঔষধ বিক্রয় ১,৪০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো।
খ. জানুয়ারি ৩ থেকে জানুয়ারি ২৭ তারিখের লেনদেনের সাধারণ জাবেদা দেখাও।
গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে নগদান হিসাব, অফিস সরঞ্জাম হিসাব, ক্রয় হিসাব ও পাওনাদার হিসাব প্রস্তুত করো।

২. আরমান ট্রেডার্স একটি মুদি পণ্যের পাইকারি ব্যবসায় প্রতিষ্ঠান। ২০২৫ সালের সেপ্টেম্বর মাসে উক্ত ব্যবসায়ের কতিপয় লেনদেন নিম্নরূপ:
সেপ্টে: ১ ফারহান এন্ড ব্রাদার্সের নিকট হতে প্রতি ৫০ কেজির বস্তা ২,৫০০ টাকা করে ৫০ বস্তা মিনিকেট চাল ক্রয়। কারবারি বাটা ৩%। চালান নং-১২৩।
সেপ্টে: ৫ ইরফান ট্রেডার্সের নিকট হতে প্রতি কেজি ১০৫ টাকা করে ২০০ কেজি ডাল ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৪৩২।
সেপ্টে: ১২ ফারহান এন্ড ব্রাদার্সকে ৫ বস্তা চাল নষ্ট হওয়ার কারণে ফেরত প্রদান। ডেবিট নোট নং-১৭৫।
সেপ্টে: ১৮ ইরফান ট্রেডার্সকে ২০ কেজি ডাল নমুনা মাফিক না হওয়ায় ফেরত প্রদান। ডেবিট নোট নং-১৭৬।

ক. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত করো।
খ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সাধারণ খতিয়ানসমূহ প্রস্তুত করো।
গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানসমূহ প্রস্তুত করো।

৩. মামুন এন্টারপ্রাইজের হিসাব বই হতে নিম্নের হিসাবটি সংগৃহীত-

নগদান হিসাব

ডেবিট হিসাবের কোড......... ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা: পৃ: | টাকা | তারিখ | বিবরণ | জা:পৃ: | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৫ | | | | ২০২৫ | | | |
| জানু ১ | ব্যালেন্স B/D | | ২০,০০০ | জানু ২ | ব্যাংক হিসাব | | ২২,০০০ |
| জানু ১৭ | বিক্রয় হিসাব | | ১৭,০০০ | জানু ১৫ | বেতন হিসাব | | ৩,০০০ |
| | | | | জানু ২০ | উত্তোলন হিসাব | | ১,০০০ |

ক. মামুন এন্টারপ্রাইজের উপর্যুক্ত নগদান হিসাবের উদ্বৃত্ত নির্ণয় করো।
খ. উপর্যুক্ত হিসাবের ভিত্তিতে মামুন এন্টারপ্রাইজের ২০২৫ সালের জানুয়ারি মাসের জাবেদা দাখিলা প্রদান করো।
গ. চলমান জের ছক অনুসরণপূর্বক বিক্রয় হিসাব, ব্যাংক হিসাব, বেতন হিসাব ও উত্তোলন হিসাব প্রস্তুত করো।

৪. জনাব রতন বড়ুয়া একজন ব্যবসায়ী। সাভারের আশুলিয়ায় 'বড়ুয়া নার্সারি' নামে তার একটি নার্সারি আছে। সেখানে তিনি নানা ধরনের ফুল, ফল ও ঔষধিগাছের চারা উৎপাদন করেন। ২০২৫ সালের জুলাই মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয়।

জুলাই: ৫, রহিম এন্ড সন্সের নিকট থেকে গাছ ও বীজ ক্রয় ২৫,০০০ টাকা
জুলাই: ১০, রাশেদ এন্ড কোং-এর নিকট নগদে বিক্রয় ৩৭,০০০ টাকা
জুলাই: ১১, গাছ ফেরত দেওয়া হলো ২,৫০০ টাকা
জুলাই: ৩০, কর্মচারীকে বেতন দেওয়া হলো ৪,৫০০ টাকা
জুলাই: ৩১, বিজ্ঞাপন ব্যয় ১,৫০০ টাকা
ক. বড়ুয়া নার্সারির ৫ ও ১০ জুলাইয়ের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ করো।
খ. রহিম এন্ড সন্স হিসাব ও নগদান হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় করো।
গ. ক্রয় হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের ছকে প্রস্তুত করো।

৫.

চালান নং ২০০৩ | সবুজ এন্টারপ্রাইজ | তারিখ : ২০ মার্চ ২০২৫

৭০, মহাখালী, ঢাকা

**চালান**

ক্রেতার নাম : হাজি বস্ত্রালয়
ঠিকানা : ৫২,রানীনগর, বগুড়া।

| ক্র.নং | পণ্যের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | জামদানি শাড়ি | ৩,০০০ | ৫০ খানি | ১,৫০,০০০ |
| ২. | বেবি ফ্রক | ৬০০ | ৩০ টি | ১৮,০০০ |
| | | | | ১,৬৮,০০০ |
| | বাদ: কারবারি বাট্টা ৫% | | | (৮,৪০০) |
| | | | | ১,৫৯,৬০০ |

টাকা (কথায়) : একলক্ষ উনষাট হাজার ছয়শত মাত্র।
শর্ত : ৩/১০ নিট ৩০ — সবুজ
বি.দ্র. ভুলত্রুটি সংশোধনযোগ্য । — বিক্রেতা

ক. উপর্যুক্ত চালানের শর্তানুযায়ী ২৫ মার্চ ২০২৫ তারিখে পরিশোধ্য মূল্য নির্ণয় করো।
খ. চালান সংশ্লিষ্ট পক্ষসমূহের বিশেষ জাবেদা প্রস্তুত করো।
গ. হাজি বস্ত্রালয়ের সংশ্লিষ্ট সাধারণ খতিয়ান প্রস্তুত করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. খতিয়ানকে সকল বইয়ের রাজা বলা হয় কেন?
২. জাবেদা ও খতিয়ানের পার্থক্য লিখ।
৩. খতিয়ান প্রস্তুতকরণের ১ম ধাপটি ব্যাখ্যা করো।
৪. ডেবিট ব্যালেন্স বলতে কী বুঝায়?
৫. সহকারী খতিয়ান কী? উদাহরণসহ ব্যাখ্যা করো।

অষ্টম অধ্যায়

# নগদান বই

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. হিসাবের প্রাথমিক বই হওয়া সত্ত্বেও পাকা বইয়ের ন্যায় কাজ করে কোনটি?
ক. জাবেদা খ. খতিয়ান গ. নগদান বই ঘ. রেওয়ামিল

২. নগদান বইতে লিপিবদ্ধ হবে-
i. মূলধন আনয়ন ৫০,০০০ টাকা। ii. জনতা ট্রেডার্সের নিকট বিক্রয় ২০,০০০ টাকা।
iii. মনিহারি দ্রব্যাদি ক্রয় ১,০০০ টাকা।
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. একঘরা নগদান বইতে লিপিবদ্ধ হবে কোনটি?
ক. পণ্য ক্রয় বাবদ চেক প্রদান ৪,০০০ টাকা খ. আসবাবপত্র ক্রয় ৬,০০০ টাকা
গ. পণ্য উত্তোলন ১,০০০ টাকা ঘ. পণ্য ফেরত প্রদান ৫০০ টাকা

৪. একঘরা নগদান বই সর্বদা কোন উদ্বৃত্ত প্রকাশ করে?
ক. ডেবিট খ. ক্রেডিট গ. ব্যাংক জমা ঘ. ব্যাংক জমাতিরিক্ত

৫. পণ্য বিক্রয় করে চেক পেলে চেকটি কোন ধরনের চেক বলে গণ্য হবে?
ক. বাহক চেক খ. হুকুম চেক গ. দাগ কাটা চেক ঘ. খোলা চেক

৬. কন্ট্রা এন্ট্রির ক্ষেত্রে কোন প্রতীক লেখা হয়?
ক. B খ. C গ. K ঘ. F

৭. কন্ট্রা এন্ট্রি হবে-
i. নগদ অর্থ ব্যাংকে জমাদান
ii. দেনাদার কর্তৃক ব্যাংকে সরাসরি জমাদান
iii. অফিসের জন্য ব্যাংক হতে উত্তোলন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৮. কোন বাট্টা তিনঘরা নগদান বইতে লিপিবদ্ধ হয়?
ক. ক্রয় বাট্টা খ. প্রদত্ত বাট্টা গ. বিক্রয় বাট্টা ঘ. কারবারি বাট্টা

৯. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হবে-
i. নগদে পণ্য ক্রয় ii. নগদে পণ্য বিক্রয় iii. ব্যাংক সুদ মঞ্জুর
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

১০. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?
ক. আসবাবপত্র বিক্রয় খ. পাওনা আদায় গ. ঋণ পরিশোধ ঘ. পণ্য বিক্রয়

১১. যে প্রতিষ্ঠান ব্যাংকে হিসাব খোলে, তাকে কী বলা হয়?
ক. ব্যাংকার খ. আমানতকারী গ. গ্রহীতা ঘ. বিনিয়োগকারী

১২. কন্ট্রা এন্ট্রির দ্বারা প্রভাবিত হিসাব হলো-
i. মূলধন ii. নগদান iii. ব্যাংক
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ প্রশ্নের উত্তর দাও:

সালাহউদ্দিন এন্ড সন্স ২০২৫ সালের জুলাই ১০ তারিখে ব্যবসায় হতে ব্যাংক হিসাবে নগদ ১০,০০০ টাকা জমা দিল, পাওনাদার সামিনা স্টোরসকে ১২,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ১১,৫০০ টাকার চেক প্রদান করলো এবং দেনাদার মাহবুব ট্রেডার্সের কাছ থেকে ১৫,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,০০০ টাকার চেক পেল।

১৩. ১০ জুলাই ২০২৫ তারিখের লেনদেনসমূহ লিপিবদ্ধের জন্য কোন নগদান বই উপযুক্ত?

ক. একঘরা　　খ. দুইঘরা　　গ. তিনঘরা　　ঘ. নগদ প্রাপ্তি জাবেদা

১৪.সালাহউদ্দিন এন্ড সন্সের কন্ট্রা এন্টির পরিমাণ কত টাকা?

ক. ১০,০০০　　খ. ১২,০০০　　গ. ১৪,০০০　　ঘ. ১৫,০০০

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৫ ও ১৬ প্রশ্নের উত্তর দাও:

হাবিব এন্টারপ্রাইজের মালিক জনাব হাবিব প্রতিষ্ঠানের যাবতীয় নগদ প্রাপ্তি ও প্রদান নগদান বইয়ে লিপিবদ্ধ করে থাকেন। ২০২৫ সালের মার্চ ১০ তারিখে মোট ২০,০০০ টাকার পণ্য ক্রয় করে ১৫,০০০ টাকা পরিশোধ করেন। মার্চ ২৮ তারিখে রবির নিকট হতে ১০,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা পাওয়া গেল।

১৫. হাবিব এন্টারপ্রাইজের প্রকৃত দেনার পরিমাণ কত টাকা?

ক. ৩৫,০০০　　খ. ২০,০০০　　গ. ১৫,০০০　　ঘ. ৫,০০০

১৬. মার্চ ২৮ তারিখের লেনদেনটি কোন নগদান বইতে লিপিবদ্ধ করা উচিত?

ক. একঘরা　　খ. দুইঘরা　　গ. তিনঘরা　　ঘ. খুচরা

**সৃজনশীল প্রশ্ন**

১. ঢাকার ইসলামপুরের 'মেসার্স দেবলীনা বস্ত্রালয়'-এর ২০২৫ সালের মে মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ:
মে ১, প্রারম্ভিক নগদ তহবিল ৬০,০০০ টাকা।
মে ৪, কুমিল্লার তপু ট্রেডার্সের নিকট প্রতি গজ ২০০ টাকা দরে ১৫০ গজ কাপড় ৫% বাট্টায় নগদে বিক্রয়।
মে ১০, পাবনার শাহী বস্ত্র বিতান হতে ১০% বাট্টায় কাপড় ক্রয় ৮০,০০০ টাকা।
মে ১৩, সজল ট্রেডার্স হতে প্রাপ্তি ৪০,০০০ টাকা।
মে ১৫ অগ্রিম দোকান ভাড়া প্রদান ৩০,০০০ টাকা।
মে ২০, মালিকের মেয়ের জন্য ২,০০০ টাকার কাপড় প্রদান।
মে ২৫, এপ্রিল মাসের বিদ্যুৎ বিল পরিশোধ ২,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে অ-নগদ লেনদেনের সাধারণ জাবেদা দাও।
খ. মে ৪ তারিখের লেনদেনের জন্য ক্যাশমেমো প্রস্তুত করো।
গ. উল্লিখিত লেনদেনগুলো দ্বারা একঘরা নগদান বই প্রস্তুত করো।

২. চট্টগ্রামের 'বন্দর ট্রেডার্স'-এর ২০২৫ সালের জুন মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ:
জুন ১, নগদ ১,২০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
জুন ৩, যমুনা ট্রেডার্সের নিকট থেকে ১,০০,০০০ টাকার পণ্য ক্রয় করে নগদে ২০,০০০ টাকা ও চেকে ৩০,০০০ টাকা প্রদান।
জুন ৫, ব্যবসায়ে ব্যবহারের জন্য ১টি ফটোকপি মেশিন ক্রয় ৭৫,০০০ টাকা।
জুন ৯, ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ৫,০০০ টাকা ও ব্যবসায়ের প্রয়োজনে ১০,০০০ টাকা উত্তোলন।
জুন ১৫, ফটোকপি মেশিনের বহন খরচ ও সংস্থাপন খরচ প্রদান মোট ৩,০০০ টাকা।
জুন ১৮, ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায় ২৫,০০০ টাকা এবং প্রদেয় বিল পরিশোধ ১৫,০০০ টাকা।
জুন ২২, পতেঙ্গা স্টোর হতে ১৩,০০০ টাকার চেক প্রাপ্তি এবং ১,০০০ টাকা বাট্টা মঞ্জুর।
জুন ২৬, যমুনা ট্রেডার্সকে ১০% বাট্টায় নগদে ২০,০০০ টাকা ও ২৫,০০০ টাকার চেক ইস্যু।
জুন ৩০, ব্যাংক সুদ মঞ্জুর করল ৫০০ টাকা এবং চার্জ কর্তন করল ১,০০০ টাকা।

ক. বন্দর ট্রেডার্সের অফিস সরঞ্জামের মূল্য নির্ণয় করো।
খ. জুন ১ থেকে জুন ১৫ তারিখের লেনদেন অবলম্বনে দুইঘরা নগদান বই প্রস্তুত করো।
গ. প্রারম্ভিক হাতে নগদ ১,২০,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ৬০,০০০ টাকা ধরে জুন ১৮ হতে ৩০ তারিখের লেনদেনের সাহায্যে তিনঘরা নগদান বই প্রস্তুত করো।

৩. রাজশাহীর মডার্ন স্টোরের ২০২৫ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:
মার্চ ১, নগদ তহবিল ৫৭,৫০০ টাকা।
মার্চ ২, নগদে ও চেকে পণ্য ক্রয় যথাক্রমে ১০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা।
মার্চ ৫, পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকা, যার ৬০% চেকে অবশিষ্টাংশ নগদে।
মার্চ ১০, ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন ৪,০০০ টাকা ও পণ্য উত্তোলন ১,০০০ টাকা।
মার্চ ১১, ব্যাংক হতে ঋণ নেওয়া হলো ৫০,০০০ টাকা।
মার্চ ১৪, সাদমান এন্টারপ্রাইজকে ৩০,০০০ টাকার নিষ্পত্তিতে ০৩২৫৪১ নং চেক প্রদান ২৯,০০০ টাকা।
মার্চ ১৭, সুপ্তির নিকট থেকে ২৫,০০০ টাকার নিষ্পত্তিতে ২৪,২৫০ টাকা প্রাপ্তি।
মার্চ ২২, দোকান ভাড়া বাবদ চেক প্রদান ২০,০০০ টাকা, চেক নম্বর ০৩২৬৫১।
মার্চ ২৭, ব্যবসায়ের পুরাতন কম্পিউটার বিক্রয় ৯,০০০ টাকা।
মার্চ ৩১, ব্যাংক সুদ মঞ্জুর করল ১,০০০ টাকা।

ক. নগদ প্রাপ্তি ও নগদ প্রদান জাবেদায় অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ নির্ণয় করো।
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো।
গ. মডার্ন স্টোরের মার্চ মাসের নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো।

৪. ফেরদৌস ট্রেডার্সের ২০২৫ সালের মার্চ মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:
মার্চ ১, নগদ জের ৭,৫০০ টাকা।
মার্চ ৪, সুমন ট্রেডার্স হতে ৫% বাট্টায় নগদে ক্রয় ৪,০০০ টাকা।
মার্চ ৮, পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।
মার্চ ১০, ব্যবসায়ের ব্যবহারের জন্য ৩,০০০ টাকার চেয়ার ক্রয়।
মার্চ ১১, ব্যবসায়ে মালিক অতিরিক্ত মূলধন আনলেন ৪৫,০০০ টাকা।
মার্চ ১২, রাজু ট্রেডার্স থেকে ১৫,০০০ টাকা নগদে ও ২৫,০০০ টাকা চেকে প্রাপ্তি।
মার্চ ১৫, নাফিস ব্রাদার্স হতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা যার ৫০% নগদে।
মার্চ ১৮, আরিফ ট্রেডার্সকে পরিশোধ ২,৫০০ টাকা।
মার্চ ২০, আসবাবপত্রের উপর অবচয় ধরা হলো ৩০০ টাকা।
মার্চ ২২, পুরাতন আসবাবপত্র বিক্রয় ৮,০০০ টাকা।
মার্চ ২৫, ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ১,০০০ টাকা এবং অফিসের প্রয়োজনে উত্তোলন ৫,০০০ টাকা।
মার্চ ৩০, ব্যাংক সুদ ও সার্ভিস চার্জ ধার্য করলো যথাক্রমে ৫০০ টাকা ও ১,০০০ টাকা।

ক. নগদান বইতে লিপিবদ্ধ হবে না, এরূপ লেনদেন সাধারণ জাবেদায় লিখ (ব্যাখ্যা ব্যতীত)।
খ. মার্চ ১ থেকে মার্চ ১১ তারিখের লেনদেন দ্বারা ফেরদৌস ট্রেডার্সের একঘরা নগদান বই প্রস্তুত করো।
গ. প্রারম্ভিক হাতে নগদ ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন ১৫,০০০ টাকা ধরে মার্চ ১২ থেকে মার্চ ৩০ তারিখের লেনদেন দ্বারা দু'ঘরা নগদান বই প্রস্তুত করো।

৫. ২০২৫ সালের আগস্ট মাসে নাছির এন্টারপ্রাইজের নগদ লেনদেনসমূহ নিম্নরূপ:
আগস্ট ১, নগদ উদ্বৃত্ত ও ব্যাংক উদ্বৃত্ত যথাক্রমে ১৯,০০০ টাকা ও ২৪,০০০ টাকা।
আগস্ট ২, রাজিব ট্রেডার্সের নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ৭,০০০ টাকা।
আগস্ট ৫, ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা।
আগস্ট ১০, পণ্য ক্রয় ৫,০০০ টাকা। বাট্টা ৫%।
আগস্ট ১২, জাফর স্টোর-এর নিকট হতে ৬,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৫,৮০০ টাকা প্রায়ি।
আগস্ট ১৮, সাজ্জাদ এন্ড সন্সের নিকট হতে নগদে পণ্য ক্রয় ৩,৫০০ টাকা।
আগস্ট ২০, সেলিমা ট্রেডার্সকে পরিশোধ ৪,৩০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ২০০ টাকা।
আগস্ট ২৫, ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা পরিশোধ।
আগস্ট ২৮, ব্যাংক জমাতিরিক্তের সুদ প্রদান ৫০০ টাকা।
আগস্ট ৩১, ব্যাংক চার্জ কর্তন করলো ১,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য হতে কন্ট্রা এন্ট্রির মোট পরিমাণ নির্ণয় করো।
খ. আগস্ট ১ থেকে ১০ তারিখের লেনদেনসমূহের ভিত্তিতে দুইঘরা নগদান বই প্রস্তুত করো।
গ. প্রারম্ভিক নগদ তহবিল ৫৫,০০০ টাকা এবং ব্যাংক ও/ডি ১০,০০০ টাকা ধরে আগস্ট ১২ হতে ৩১ তারিখের লেনদেনসমূহ দ্বারা উপযোগী নগদান বই প্রস্তুত করো।

৬. হায়দার এন্ড সন্সের নিম্নোক্ত লেনদেনসমূহ ২০২৫ সালের নভেম্বর মাসে সংঘটিত হয়েছে-
নভেম্বর ১, শহিদদের নিকট ৫% বাট্টায় নগদে বিক্রয় ৮,০০০ টাকা।
নভেম্বর ৪, মালিহা এন্ড সন্স-এর নিকট হতে ৫,৪০০ টাকা প্রাপ্তি এবং বাট্টা প্রদান ১০০ টাকা।
নভেম্বর ৫, অফিসের জন্য ক্যালকুলেটর ক্রয় ৫০০ টাকা।
নভেম্বর ৮, বিনিয়োগের সুদ প্রাপ্তি ৪,০০০ টাকা।
নভেম্বর ১২, জামাল ট্রেডার্সকে ৩,৫০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৩,৩০০ টাকা প্রদান।
নভেম্বর ১৮, অফিসের ভাড়া পরিশোধ ২,৫০০ টাকা।
নভেম্বর ২০, ঋণ গ্রহণ ১০,০০০ টাকা।
নভেম্বর ২৩, কামাল ট্রেডার্স হতে ৫% বাট্টায় চেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা। চেক নং ৫৩০৯

ক. উপর্যুক্ত তথ্য হতে নগদ বাট্টার পরিমাণ নির্ণয় করো।
খ. লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো।
গ. লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো।

৭. ২০২৫ সালের জানুয়ারি মাসে কিশোর ব্রাদার্সের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়:
জানুয়ারি ১, নগদ উদ্বৃত্ত ৩০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ২৫,০০০ টাকা।
জানুয়ারি ৩, জহির ট্রেডার্স হতে ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য ক্রয়।
জানুয়ারি ৫, মালিক ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় হতে ১,৫০০ টাকা নিলেন।
জানুয়ারি ১০, শোয়েব ব্রাদার্সকে ৯,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৮,৬০০ টাকা প্রদান।
জানুয়ারি ১৫, পণ্য ক্রয় করে চেকে মূল্য পরিশোধ ৭,০০০ টাকা।
জানুয়ারি ২০, কর্মচারীর বেতন প্রদান ৪,০০০ টাকা।
জানুয়ারি ২৫, মালিক ব্যক্তিগত অর্থে ব্যবসায়ের জন্য আসবাবপত্র ক্রয় করলেন ১৩,০০০ টাকা।
জানুয়ারি ২৮, সুমনের নিকট হতে ৩,৮৫০ টাকা পাওয়া গেল এবং তাকে ১৫০ টাকা বাট্টা দেওয়া হলো।
জানুয়ারি ২১, জহির ট্রেডার্সের পাওনা ৯,৫০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৯,৩৫০ টাকা প্রদান করা হলো।
জানুয়ারি ৩১, নগদ উদ্বৃত্ত ২,৫০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।

ক. যে লেনদেনগুলো নগদান বইয়ের অন্তর্ভুক্ত হবে না, সেগুলোর সাধারণ জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যা ব্যতীত)।
খ. উপর্যুক্ত ১,২৮,২৯ ও ৩১ তারিখের লেনদেনগুলো দ্বারা তিনঘরা নগদান বই প্রস্তুত করো।
গ. জানুয়ারি ৫ থেকে ২০ তারিখের লেনদেন দ্বারা নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১. নগদান বইয়ের বৈশিষ্ট্য লেখ।
২. ব্যাবসায়িক সিদ্ধান্ত গ্রহণে নগদান বইয়ের গুরুত্ব ব্যাখ্যা করো।
৩ কন্ট্রা দাখিলা কীভাবে হিসাবভূক্ত করা হয়?
৪. নগদ প্রাপ্তি জাবেদা কেন প্রস্তুত করা হয়?
৫. ব্যাংক সমন্বয় বিবরণী কেন প্রস্তুত করা হয়?

নবম অধ্যায়

# রেওয়ামিল

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. রেওয়ামিল প্রস্তুতের উদ্দেশ্য কী?
ক. আর্থিক অবস্থা নির্ণয় করা খ. গাণিতিক শুদ্ধতা যাচাই করা
গ. লাভ-লোকসান নির্ণয় করা ঘ. শ্রম লাঘব করা

২. রেওয়ামিলের ডেবিট দিকে লিপিবদ্ধ হবে-
i. মূলধন ii. উত্তোলন iii. বিক্রয় ফেরত
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩. কোনটি অন্য তিনটি হতে ভিন্ন?
ক. প্রশিক্ষণ ভাতা খ. বিক্রয় গ. বিমা সেলামি ঘ. খাজনা ও কর

৪. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে -
i. প্রারম্ভিক মজুদ পণ্য ii. প্রারম্ভিক হাতে নগদ iii. সমাপনী হাতে নগদ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৫. রেওয়ামিলে একটি হিসাবের ডেবিট জের ১৩০ টাকা ভুলে ক্রেডিট কলামে লেখা হয়েছে। অন্য সবকিছু ঠিক থাকলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত টাকা হবে?
ক. ৬৫ খ. ১৩০ গ. ৩১০ ঘ. ২৬০

৬. অনিশ্চিত হিসাব রেওয়ামিলের কী প্রকাশ করে?
ক. ডেবিট উদ্বৃত্ত খ. ক্রেডিট উদ্বৃত্ত
গ. ডেবিট ও ক্রেডিট কলামের পার্থক্য ঘ. ডেবিট ও ক্রেডিট কলামের সমষ্টি

৭. আসবাবপত্র বিক্রয় ৫,০০০ টাকা; বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে। এক্ষেত্রে কোন ধরনের ভুল হয়েছে?
ক. বাদ পড়ার ভুল খ. লেখার ভুল গ. পরিপূরক ভুল ঘ. নীতিগত ভুল

৮. নিচের কোন ভুলটির কারণে রেওয়ামিলের উভয় দিক মিলে যাবে?
ক. ক্রয় হিসাবকে ৫০০ টাকা বেশি ডেবিট করা খ. বেতন হিসাব দুইবার ডেবিট করা
গ. আসবাবপত্র ক্রয় করে ক্রয় হিসাব ডেবিট করা ঘ. উত্তোলন হিসাবকে ১,২০০ টাকার পরিবর্তে ২০০ টাকা ডেবিট করা

৯. বেতন হিসাবকে ২,৫০০ টাকার পরিবর্তে ২,০০০ টাকা ডেবিট এবং বিক্রয় হিসাবকে ৫,০০০ টাকার পরিবর্তে ৪,৫০০ টাকা ক্রেডিট করা হয়েছে। এটি কোন ধরনের ভুল?
ক. নীতিগত ভুল খ. লেখার ভুল গ. বাদ পড়ার ভুল খ. পরিপূরক ভুল

১০. যে ভুলের কারণে অনিশ্চিত হিসাব সৃষ্টি হয়, তা হলো-
i. "আসবাবপত্র ক্রয় ৪৫,০০০ টাকা" ক্রয় হিসাব ডেবিট ৪৫,০০০ টাকা
ii. "পণ্য ক্রয় ১০,০০০ টাকা"- ক্রয় হিসাব ক্রেডিট ১০,০০০ টাকা
iii. "আসবাবপত্র মেরামত ২,০০০ টাকা"- আসবাবপত্র হিসাব ডেবিট ২০,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১১নম্বর ও ১২নম্বর প্রশ্নের উত্তর দাও:
জাফরিন এন্ড সন্সের হিসাবরক্ষক ৩,০০০ টাকা, ৬,০০০ টাকা ও ৯,০০০ টাকার ৩টি হিসাবের সাথে "প্রদত্ত" বা "প্রাপ্ত” লেখা না থাকায় রেওয়ামিলের ক্রেডিট দিকে লিখলেন। ফলে রেওয়ামিল অমিল হয়।
১১. জাফরিন এন্ড সন্সের রেওয়ামিলে অনিশ্চিত হিসাব কত টাকা?
ক. ৯,০০০ খ. ১৫,০০০ গ. ১৮,০০০ ঘ. ৩৬,০০০

১২. হিসাবরক্ষক যে হিসাবগুলো লিখতে ভুল করেছে তার মধ্যে রয়েছে-

i. বেতন ii. কমিশন iii. বাট্টা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

**সৃজনশীল প্রশ্ন**

১. শিহাব এন্ড ব্রাদার্সের ২০২৫ সালের ডিসেম্বর মাসের উদ্বৃত্তগুলো ছিল নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১,১০,০০০ | বিমা সেলামি | ৫,০০০ |
| হাতে নগদ (০১/০১/২৫) | ১৫,০০০ | আমদানি শুল্ক | ৩,৫০০ |
| দেনাদার | ২৫,০০০ | কমিশন প্রাপ্তি | ২,০০০ |
| পাওনাদার | ১৫,০০০ | বিনিয়োগ | ৩০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | ব্যাংক জমার সুদ | ৫০০ |
| ক্রয় | ৩০,০০০ | আসবাবপত্র | ৪০,০০০ |
| বিক্রয় | ৪৫,০০০ | বিজ্ঞাপন | ১,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩,০০০ | প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ১২,০০০ | সমাপনী ব্যাংক জমা | ৬,০০০ |

ক. শিহাব এন্ড ব্রাদার্সের রেওয়ামিলে যে যে দফা অন্তর্ভুক্ত হবে না, তার মোট পরিমাণ নির্ণয় করো।

খ. উপর্যুক্ত খতিয়ান উদ্বৃত্ত দ্বারা শিহাব এন্ড ব্রাদার্সের একটি রেওয়ামিল তৈরি করো।

গ. উপর্যুক্ত তথ্য হতে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।

ইঙ্গিত. ১. মুনাফা জাতীয় ব্যয় = বিক্রীত পণ্যের ব্যয়+ অন্যান্য পরোক্ষ খরচ।

ইঙ্গিত: ২. বিক্রীত পণ্যের ব্যয় = প্রারম্ভিক মজুদ পণ্য+নিট ক্রয়+ক্রয়সংক্রান্ত খরচ-সমাপনী মজুদ পণ্য।

২. জুবিলি এন্টারপ্রাইজের ২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১,৫০,০০০ | দালানকোঠা | ৪৫,০০০ |
| আসবাবপত্র ও সাজসজ্জা | ৫০,০০০ | দেনাদার | ৩০,০০০ |
| প্রাপ্য বিল | ৩০,০০০ | পাওনাদার | ২৫,০০০ |
| প্রদেয় বিল | ২৫,০০০ | বেতন | ৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৫,০০০ | অনুপার্জিত সেবা আয় | ৩,০০০ |
| নগদ তহবিল (১-১-২০২৫) | ৬,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ২,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২৫) | ৪০,০০০ | নগদ তহবিল (৩১-১২-২০২৫) | ১০,০০০ |
| ভাড়া | ৫,০০০ | বিমা প্রিমিয়াম | ৮,০০০ |
| কুঋণ সঞ্চিতি | ৩,০০০ | মজুদ পণ্য (৩১-১২-২০২৫) | ৩৫,০০০ |

ক. জুবিলি এন্টারপ্রাইজের রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় করো।

খ. উপর্যুক্ত উদ্বৃত্তগুলো দ্বারা জুবিলি এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত করো।

গ. জুবিলি এন্টারপ্রাইজের মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।

৩.মেসার্স সালেহ এন্ড কোং-এর হিসাবরক্ষক কর্তৃক প্রস্তুতকৃত রেওয়ামিলটিতে কিছু অসামঞ্জস্য পরিলক্ষিত হয়। এই ত্রুটিপূর্ণ রেওয়ামিলটি নিচে প্রদত্ত হলো।

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৫

| ক্র/নং | হিসাবের নাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩৪,০০০ | |
| ২ | ক্রয় | | ১,০০,০০০ | |
| ৩ | বেতন | | ১২,০০০ | |
| ৪ | পাওনাদার | | ৪০,০০০ | |
| ৫ | দেনাদার | | ১৬,০০০ | |
| ৬ | ব্যাংক জমার উদ্বৃত্ত | | | ৪৫,০০০ |
| ৭ | আন্তঃফেরত | | ৩,০০০ | |
| ৮ | জাহাজ ভাড়া | | | ৫,০০০ |
| ৯ | প্রদেয় বিল | | ২০,০০০ | |
| ১০ | গৃহীত ঋণ | | | ১৩,০০০ |
| ১১ | দালানকোঠা | | ৫৫,০০০ | |
| ১২ | বরাদ্দকৃত বাট্টা | | | ১০,০০০ |
| ১৩ | মূলধন | | | ৬৭,০০০ |
| ১৪ | বিক্রয় | | | ১,৪০,০০০ |
| ১৫ | বহিঃফেরত | | ৬,০০০ | |
| ১৬ | মনিহারি | | | ৫,০০০ |
| ১৭ | কমিশন | | | ৯,০০০ |
| ১৮ | সন্দেহজনক দেনা সঞ্চিতি | | ৮,০০০ | |
| | | | ২,৯৪,০০০ | ২,৯৪,০০০ |

ক. মেসার্স সালেহ এন্ড কোং-এর মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো।
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো।
গ. উদ্দীপকের আলোকে মেসার্স সালেহ এন্ড কোং-এর একটি শুধু রেওয়ামিল প্রস্তুত করো।

৪. অহি সিরামিকস্-এর ব্যবসায়ের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের উদ্দেশ্যে ২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নলিখিত উদ্বৃত্তের তথ্য সরবরাহ করা হলো :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ৯৪,০০০ | প্রশিক্ষণ ভাতা | ৫,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত (১/১/২০২৫) | ১৫,০০০ | রপ্তানি শুল্ক | ১৩,৫০০ |
| প্রাপ্য সমূহ | ২২,০০০ | প্রাপ্ত বাট্টা | ১২,০০০ |
| প্রদেয় সমূহ | ১৫,০০০ | বিনিয়োগ | ১৫,০০০ |
| আয়কর | ১০,০০০ | লভ্যাংশ প্রাপ্তি | ৫০০ |
| ক্রয় | ১,৩০,০০০ | আসবাবপত্র | ৪০,০০০ |
| বিক্রয় | ১,৪৫,০০০ | প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ |
| প্রাপ্ত ভাড়া | ১৩,০০০ | সমাপনী ব্যাংক জমা | ১৬,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২২,০০০ | আন্তঃফেরত | ৩,০০০ |

ক. অহি সিরামিক-এর রেওয়ামিলে মোট কত টাকা অন্তর্ভুক্ত হবে না তা নির্ণয় করো।
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে অহি সিরামিক এর রেওয়ামিল প্রস্তুত করো।
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।

৫. সিনথিয়া এন্টারপ্রাইজের ২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১,৮৫,০০০ | মনিহারি | ৫,০০০ |
| অনুত্তীর্ণ বিমা | ১০,০০০ | উপযোগ খরচ | ৭৬,০০০ |
| সঞ্চয়পত্র | ১,০০,০০০ | সেবা আয় | ১,৫৫,০০০ |
| বকেয়া ভাড়া | ১২,০০০ | ব্যাংক ঋণ | ১,০০,০০০ |
| অনাদায়ী কমিশন | ৩০,০০০ | বাণিজ্যিক খরচ | ১,৩০,০০০ |
| অনুপার্জিত আয় | ৮,০০০ | প্রাপ্য হিসাব | ২৫,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৩৪,৫০০ | অভিকর | ৩৮,৭০০ |
| ডাক ও তার | ২২,৮০০ | প্রদেয় বিজ্ঞাপন | ১২,০০০ |

ক. উপর্যুক্ত তথ্য হতে মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো।
খ. সিনথিয়া এন্টারপ্রাইজের সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় করো।
গ. উল্লিখিত তথ্য দ্বারা একটি রেওয়ামিল প্রস্তুত করো।

৬. দোয়েল এন্টারপ্রাইজের ২০২৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের বিভিন্ন হিসাবের জের নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ১,৯০,০০০ | বন্ধকি ঋণ | ১,০০,০০০ |
| নগদ তহবিল | ১,৫৪,০০০ | ক্রয় | ২,৫৪,০০০ |
| বিক্রয় | ৪,৬৭,০০০ | প্রাপ্য হিসাব | ৩,৬২,০০০ |
| উত্তোলন | ১৫,৩০০ | ভবিষ্যৎ তহবিল | ৬০,০০০ |
| বহিঃফেরত | ৩,৫০০ | আয়কর | ৯,২০০ |
| অগ্রিম প্রাপ্ত বাড়িভাড়া | ৮,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ২৫,০০০ |
| অগ্রিম বিমা | ৯,৫০০ | সমাপনী মজুদ পণ্য | ১৫,৫০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | প্রদেয় হিসাব | ৪১,৫০০ |
| আন্তঃফেরত | ১১,০০০ | | |

ক. উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় করো।
খ. দোয়েল এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত করো।
গ. দোয়েল এন্টারপ্রাইজের সমাপনী মালিকানা স্বত্ব নির্ণয় করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১. রেওয়ামিল প্রস্তুতের মুখ্য উদ্দেশ্যটি ব্যাখ্যা করো।
২. সমন্বিত ক্রয়ের সূত্রটি উদাহরণসহ ব্যাখ্যা করো।
৩. নীতিগত ভুল কী? উদাহরণসহ ব্যাখ্যা করো।
৪. পরিপূরক ভুল কী? উদাহরণসহ ব্যাখ্যা করো।
৫. অনিশ্চিত হিসাব কী? ব্যাখ্যা করো।

দশম অধ্যায়

# আর্থিক বিবরণী

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. বিশদ আয় বিবরণীর ১ম ধাপের ফলাফল কোনটি?
ক. নিট বিক্রয় খ. নিট ক্রয় গ. মোট মুনাফা ঘ. বিক্রীত পণ্যের ব্যয়

২. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ে কোনটি বিয়োগ করা হয়?
ক. প্রারম্ভিক মজুদ পণ্য খ. সমাপনী মজুদ পণ্য গ. নিট ক্রয় ঘ. নিট বিক্রয়

৩. পরিচালন আয় হলো-
i. আসবাবপত্র বিক্রয় ii. পণ্য বিক্রয় iii. সেবা আয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৪. নিচের কোনটি সঠিক?
ক. মুনাফা মূলধনের অংশ খ. মুনাফা মূলধনের হ্রাস ঘটায়
গ. মূলধন শুধুই মুনাফা থেকে আসে ঘ. মুনাফা মূলধনের বৃদ্ধি ঘটায়

৫. মোট মুনাফা হলো-
ক. বিক্রীত পণ্যের ব্যয় - সমাপনী মজুদ খ. নিট বিক্রয় -বিক্রীত পণ্যের ব্যয়
গ. বিক্রীত পণ্যের ব্যয় + প্রারম্ভিক মজুদ পণ্য ঘ. নিট মুনাফা - পরিচালন ব্যয়

৬. অন্যান্য আয়ের অন্তর্ভুক্ত হলো-
i. বিনিয়োগের সুদ ii. বিক্রয় iii. প্রাপ্ত বাট্টা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

৭. বিক্রয় ১৮,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ২,৫০০ টাকা, সমাপনী মজুদ ১,৭০০ টাকা, ক্রয় ১৩,৪০০ টাকা এবং ক্রয় পরিবহণ ৭০০ টাকা হলে; বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?
ক. ১৪,৯০০ খ. ১৫,৯০০ গ. ১৬,৬০০ ঘ. ১৮,৩০০

৮. অবচয় হলো-
ক. স্থায়ী সম্পদের ক্রয়কৃত মূল্য খ. পুরাতন স্থায়ী সম্পদ বিক্রয়লব্ধ অর্থ
গ. ব্যবহারের ফলে স্থায়ী সম্পদের মূল্য অবনতি ঘ. পুরাতন স্থায়ী সম্পদের প্রতিস্থাপন ব্যয়

৯. সম্ভাব্য কুঋণ সঞ্চিতি রাখা হয় যখন-
ক. দেনাদার দেউলিয়া হয়ে যায় খ. দেনাদারকে খুঁজে পাওয়া যায় না
গ. দেনাদারের নিকট প্রাপ্য অর্থ নিশ্চিত পাওয়া যাবে না ঘ. দেনাদারের নিকট প্রাপ্য অর্থ আদায় নাও হতে পারে

১০. যদি মোট মুনাফা ৭০,০০০ টাকা, পরিচালন ব্যয় ৩৫,০০০ টাকা, অন্যান্য আয় ১৫,০০০ টাকা হয়, তবে নিট মুনাফা কত টাকা হবে?
ক. ২০,০০০ খ. ২৫,০০০ গ. ৩৫,০০০ ঘ. ৫০,০০০

১১. মোট লাভ হওয়া সত্ত্বেও নিট ক্ষতি হওয়ার কারণ কী?
ক. বিক্রীত পণের ব্যয় বৃদ্ধি খ. মজুদ পণ্য বৃদ্ধি গ. পরিচালন খরচ বৃদ্ধি ঘ. অন্যান্য আয় বৃদ্ধি

১২. কোনটি পরিচালন ব্যয়?
ক. অফিস খরচ খ. উত্তোলন গ. বিবিধ ক্ষতি ঘ. ঋণের সুদ

১৩. 'পাওনাদার' আর্থিক অবস্থার বিবরণীর কোন অংশে থাকে?
ক. চলতি সম্পদ খ. চলতি দায় গ. স্থায়ী সম্পদ ঘ. দীর্ঘমেয়াদি দেনা

১৪. লিনা ট্রেডার্সের হিসাবের বইতে মিনা এন্ড সন্স হিসাবে ডেবিট ব্যালেন্স ৫০০ টাকা দ্বারা লিনা ট্রেডার্সের কী বোঝায়?

ক. ব্যয়    খ. আয়    গ. সম্পদ    ঘ.দায়

১৫. তারল্য অনুপাত নির্ণয়ের সূত্র কোনটি?

ক. (চলতি দায় - (মজুদ পণ্য+অগ্রিম খরচ)) / চলতি দায়    খ. (চলতি সম্পত্তি + (মজুদ পণ্য-অগ্রিম খরচ)) / চলতি সম্পত্তি

গ. চলতি সম্পত্তি / চলতি দায়    ঘ. (চলতি সম্পত্তি - (মজুদ পণ্য+ অগ্রিম খরচ)) / চলতি দায়

## আর্থিক বিররণী প্রস্তুতকরণ

১. চট্টগ্রামের 'বিশ্বাস অডিট ফার্ম' এর রেওয়ামিল ও অন্যান্য প্রয়োজনীয় সমন্বয় অবলম্বনে ২০২৫ সালের ৩০ জুন সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো: ৮+২+১০ = ২০

বিশ্বাস অডিট ফার্ম
রেওয়ামিল
৩০ জুন, ২০২৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | বেতন | | ৩,৩০,০০০ | |
| ২ | উপযোগ বিল (বিদ্যুৎ ও টেলিফোন বিল) | | ৭২,০০০ | |
| ৩ | যাতায়াত খরচ | | ২১,০০০ | |
| ৪ | উত্তোলন ও মূলধন | | ১,৮০,০০০ | ১৪,৫০,০০০ |
| ৫ | অফিস ভাড়া | | ৩,৬০,০০০ | |
| ৬ | অফিস সরঞ্জাম ও আসবাবপত্র | | ২,৪০,০০০ | |
| ৭ | নিরীক্ষা সেবা আয় | | | ৮,৫০,০০০ |
| ৮ | পেশাগত বই (নিরীক্ষা) | | ২,২০,০০০ | |
| ৯ | ১০% বিনিয়োগ (১.৭.২৪) | | ৭,৫০,০০০ | |
| ১০ | অনুপার্জিত সেবা আয় | | | ৪৮,০০০ |
| ১১ | সাধারণ সঞ্চিতি | | | ১,০০,০০০ |
| ১২ | প্রাপ্য হিসাব | | ৮০,০০০ | |
| ১৩ | অগ্রিম অফিস খরচাবলি | | ১,০০,০০০ | |
| ১৪ | হাতে নগদ ও ব্যাংক জমা | | ৯৫,০০০ | |
| | | | ২৪,৪৮,০০০ | ২৪,৪৮,০০০ |

সমন্বয়সমূহ:

১. অনুপার্জিত সেবা আয়ের ৩০,০০০ টাকার সেবা প্রদান করা হয়েছে।
২. ৯ মাসের অফিস ভাড়া পরিশোধিত।
৩. নিরীক্ষা কাজ সম্পাদন করা হয়েছে কিন্তু বিল পাওয়া যায়নি ৫০,০০০ টাকা।
৪. ফার্মের মালিক ব্যবসায়ের প্রয়োজনে ১,০০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে, যা হিসাবভুক্ত হয়নি।

২. নিম্নোক্ত তথ্যাদি অবলম্বন করে আহমেদ ব্রাদার্সের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো: ৮+২+১০ = ২০

আহমেদ ব্রাদার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৪

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | উত্তোলন ও মূলধন | | ২০,০০০ | ১০,০০,০০০ |
| ২ | ক্রয় ও বিক্রয় | | ৩,০০,০০০ | ৫,৫০,০০০ |
| ৩ | ফেরত | | ২৫,০০০ | ১৫,০০০ |
| ৪ | মজুরি | | ২২,০০০ | |
| ৫ | বহিঃপরিবহন | | ১৮,০০০ | |
| ৬ | বিজ্ঞাপন | | ৫০,০০০ | |
| ৭ | আয়কর ও অতিরিক্ত মূলধন | | ১০,০০০ | ২,০০,০০০ |
| ৮ | শিক্ষানবিস ভাতা ও সেলামি | | ৪০,০০০ | ৩০,০০০ |
| ৯ | দেনাদার ও পাওনাদার | | ১,২০,০০০ | ২০,০০০ |
| ১০ | ১০% ব্যাংক ঋণ (০১-০৭-২৪) | | | ২,০০,০০০ |
| ১১ | ৮% বিনিয়োগ | | ৬,০০,০০০ | |
| ১২ | প্রারম্ভিক মজুদ | | ১,০০,০০০ | |
| ১৩ | ভূমি ও দালানকোঠা | | ৪,৮০,০০০ | |
| ১৪ | আসবাবপত্র | | ২,০০,০০০ | |
| ১৫ | বেতন (১০ মাস) | | ৩০,০০০ | |
| | | | ২০,১৫,০০০ | ২০,১৫,০০০ |

সমন্বয়সমূহ:

১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১,২০,০০০ টাকা ও বাজার মূল্য ১,১০,০০০ টাকা।
২. আসবাবপত্রের উপর ১০% অবচয় ধরতে হবে।
৩. বিজ্ঞাপন ৫ বছরের জন্য প্রদত্ত।
৪. কুঋণ হিসেবে ১০,০০০ টাকা অবলোপন করো।
৫. ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

৩. আলম ট্রেডার্সের নিম্নোক্ত রেওয়ামিল ও সমন্বয়সমূহ বিবেচনাপূর্বক ২০২৪ সালের ৩০ জুন সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো: ৮+২+১০= ২০

আলম ট্রেডার্স
রেওয়ামিল
৩০ জুন, ২০২৪

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | হাতে নগদ ও সাধারণ সঞ্চিতি | | ১,০০,০০০ | ৯০,০০০ |
| ২ | ক্রয় ও বিক্রয় | | ২,৫০,০০০ | ৪,২০,০০০ |
| ৩ | প্রাপ্য ও প্রদেয় হিসাব | | ৬০,০০০ | ৪০,০০০ |
| ৪ | কমিশন | | ১০,০০০ | ২০,০০০ |
| ৫ | বিমা প্রিমিয়াম (১৫ মাস) | | ৩০,০০০ | |
| ৬ | উত্তোলন ও মূলধন | | ২৫,০০০ | ৫,৩০,০০০ |
| ৭ | ব্যাংক জমাতিরিক্ত (০১-০১-২০২৪) | | | ৭০,০০০ |
| ৮ | কুঋণ ও কুঋণ সঞ্চিতি | | ৩,০০০ | ২,০০০ |
| ৯ | জাহাজ ভাড়া ও উপভাড়া | | ২৩,০০০ | ১৮,০০০ |
| ১০ | মনিহারি | | ১০,০০০ | |
| ১১ | জীবন বিমা সেলামি | | ২১,০০০ | |
| ১২ | ১০% সঞ্চয়পত্র | | ২,০০,০০০ | |
| ১৩ | অফিস সরঞ্জাম | | ৩,৮৮,০০০ | |
| ১৪ | গবেষণা ব্যয় | | ৮০,০০০ | |
| ১৫ | পুঞ্জিভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | | ১০,০০০ |
| | | | ১২,০০,০০০ | ১২,০০,০০০ |

সমন্বয়সমূহ:
১. অলিখিত ধারে বিক্রয় ৩০,০০০ টাকা।
২. অব্যবহৃত মনিহারি ২,৫০০ টাকা।
৩. ব্যাংক জমাতিরিক্তের উপর ১০% হারে সুদ ধরতে হবে।
৪. প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% কুঋণ সঞ্চিতি রাখতে হবে।
৫. অবিক্রিত পণ্যের পরিমাণ ৩৫,০০০ টাকা।

৪. মাসনুন এন্টারপ্রাইজের নিম্নোক্ত রেওয়ামিল ও সমন্বয়সমূহ বিবেচনা পূর্বক ২০২৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো: ৮+২+১০ = ২০

মাসনুন এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মজুদ পণ্য (১.১.২৫) | | ২০,০০০ | |
| ২ | ক্রয় ও বিক্রয় | | ১,৮০,০০০ | ৪,০০,০০০ |
| ৩ | ফেরত | | ২০,০০০ | ১০,০০০ |
| ৪ | ক্রয় পরিবহন | | ৩০,০০০ | |
| ৫ | ভাড়া (৯ মাস) | | ২৭,০০০ | |
| ৬ | বাট্টা | | ১৩,০০০ | ১০,০০০ |
| ৭ | ব্যাংক চার্জ | | ৫,০০০ | |
| ৮ | হাতে নগদ ও লভ্যাংশ প্রাপ্তি | | ৮,০০০ | ২০,০০০ |
| ৯ | উত্তোলন ও মূলধন | | ২৭,০০০ | ৭,০০,০০০ |
| ১০ | সুনাম | | ৪,০০,০০০ | |
| ১১ | প্রাথমিক খরচ | | ২,০০,০০০ | |
| ১২ | ১২/ ব্যাংক ঋণ (০১-১০-২৫) | | | ২,৫০,০০০ |
| ১৩ | বিনিয়োগ (শেয়ার) | | ২,০০,০০০ | |
| ১৪ | বিজ্ঞাপন | | ২০,০০০ | |
| ১৫ | ডেলিভারি ভ্যান | | ২,৫০,০০০ | |
| | | | ১৩,৯০,০০০ | ১৩,৯০,০০০ |

সমন্বয়সমূহ:

১. সম্ভাব্য ক্রেতাদের মাঝে ৫,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত হয়নি।
২. অপরিশোধিত পরিবহন খরচ ৩,০০০ টাকা।
৩. প্রারম্ভিক মজুদের মধ্যে মনিহারি অন্তর্ভুক্ত আছে ২,০০০ টাকা।
৪. ২টি ২০০ টাকার নোট সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে যা হিসাবে লিখা হয়নি।
৫. সমাপনী মজুদ পণ্যের মূল্য ১৮,০০০ টাকা।

৫. নিম্নোক্ত তথ্যাদি অবলম্বন করে মাআঈশা ট্রেডার্সের ২০২৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী এবং উক্ত তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো: ৮+২+১০ = ২০

মাআঈশা ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২৫

| ক্রমিক নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | আসবাবপত্র ও মূলধন | | ৫০,০০০ | ৪,৫০,০০০ |
| ২ | যন্ত্রপাতি ও ৬% ঋণ | | ৩,০০,০০০ | ১,০০,০০০ |
| ৩ | দেনাদার ও পাওনাদার | | ১,০০,০০০ | ৭০,০০০ |
| ৪ | অতিরিক্ত মূলধন | | | ৮০,০০০ |
| ৫ | প্রাপ্য নোট ও প্রদেয় নোট | | ১০,০০০ | ২০,০০০ |
| ৬ | অগ্রিম বেতন ও বকেয়া শুল্ক | | ২০,০০০ | ১০,০০০ |
| ৭ | ব্যাংক জের | | ৯০,০০০ | |
| ৮ | ইজারা সম্পদ (২০ বছরের জন্য) | | ২,০০,০০০ | |
| ৯ | সরঞ্জাম বিক্রয়জনিত মুনাফা | | | ২০,০০০ |
| ১০ | ডক চার্জ | | ৩০,০০০ | |
| ১১ | ঋণের সুদ ও প্রাপ্ত কমিশন | | ২,০০০ | ১০,০০০ |
| ১২ | ক্রয় ও বিক্রয় | | ২,২৮,০০০ | ৩,৯০,০০০ |
| ১৩ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ২০,০০০ | |
| ১৪ | ৯% বিনিয়োগ (০১-০৯-২০২৫) | | ১,০০,০০০ | |
| | | | ১১,৫০,০০০ | ১১,৫০,০০০ |

সমন্বয়সমূহ:

১. অগ্রিম বেতনের ১০,০০০ টাকা মেয়াদ উত্তীর্ণ হয়েছে।
২. অলিখিত ধারে ক্রয় ও আন্তঃফেরত যথাক্রমে ১২,০০০ টাকা ও ১০,০০০ টাকা।
৩. আসবাবপত্র ও যন্ত্রপাতির উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে।
৪. শোরুম ভাড়া বাবদ চেক প্রদান ১০,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি।
৫. ব্যবসায়ে বৎসর শেষে মজুদ পণ্য ২৫,০০০ টাকা।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. আর্থিক বিবরণী কেন প্রস্তুত করা হয়?
২. বিশদ আয় বিবরণীর উদ্দেশ্য বর্ণনা করো।
৩. অবচয় কী? আর্থিক বিবরণীতে কীভাবে হিসাবভুক্ত করা হয়?
৪. আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদ ও দায় সাজানোর পদ্ধতিসমূহ বর্ণনা করো।
৫. আর্থিক বিবরণী প্রস্তুতকরণে রক্ষণশীলতার নীতিটি ব্যাখ্যা করো।
৬. চলতি অনুপাত কী?
৭. তারল্য অনুপাতের সূত্রটি ব্যাখ্যা করো।

একাদশ অধ্যায়

# পণ্যের ক্রয়মূল্য, উৎপাদন ব্যয় ও বিক্রয়মূল্য

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১। কারখানা উপরিব্যয় বলতে কোনটিকে বোঝায়?
ক. প্রত্যক্ষ কাঁচামাল + পরোক্ষ কাঁচামাল + পরোক্ষ মজুরি
খ. পরোক্ষ কাঁচামাল + পরোক্ষ মজুরি + কারখানার ভাড়া ও বিদ্যুৎ
গ. প্রত্যক্ষ মজুরি+ আসবাবপত্রের অবচয় + যন্ত্রপাতির মেরামত
ঘ. কারখানার ভাড়া + অফিসের ভাড়া + দোকানের ভাড়া

২. উৎপাদন ব্যয়ের অন্তর্ভুক্ত খরচগুলো হলো-
i. যন্ত্রপাতির অবচয়
ii. টেন্ডার প্রাপ্তির জন্য বিশেষ খরচ
iii. আসবাবপত্রের মেরামত
কোনটি প্রত্যক্ষ খরচ?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৩. জুতা তৈরির ক্ষেত্রে আরোপণযোগ্য খরচ কোনটি?
ক. চামড়া ক্রয়
খ. আঠা ক্রয়
গ. ছাঁচ বা ফর্মা তৈরি
ঘ. সেলাইয়ের সুতা ক্রয়

নিচের তথ্যাবলি অবলম্বন করে ৪, ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
মুখ্য ব্যয় ৫০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ১০,০০০ টাকা, প্রশাসনিক উপরিব্যয় ৫০০০ টাকা, বিক্রয় উপরিব্যয় ৩,০০০ টাকা এবং মুনাফা মোট ব্যয়ের ২০%

৪. বিক্রয়ের পরিমাণ কত?
ক. ৮১,৬০০ টাকা
ক. ৮৩,৭০০ টাকা
গ. ৮৪,৫০০ টাকা
ঘ. ১৮,৫০০ টাকা

৫. মুনাফার পরিমাণ কত?
ক. ১২,৬০০ টাকা
খ. ১৩,৬০০ টাকা
গ. ১৫,৬০০ টাকা
ঘ. ১৮,৬০০ টাকা

৬. মোট উপরিব্যয় কত?
ক. ১২,০০০ টাকা
খ. ১৮,০০০ টাকা
গ. ৫৮,০০০ টাকা
ঘ. ৬৮,০০০ টাকা

৭. অফিস উপরিব্যয়-
i. টেলিফোন বিল
ii. শোরুম ভাড়া
iii. মনিহারি দ্রব্যাদি ক্রয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৮. কোনটি বিক্রয় উপরিব্যয়?
ক. বিজ্ঞাপন খরচ
খ. ছাপা ও মনিহারি
গ. আসবাবপত্রের মেরামত
ঘ. বিদ্যুৎ ও টেলিফোন বিল

৯. বিক্রীত পণ্যের ব্যয়= ?
ক. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় + তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ
খ. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় + তৈরি পণ্যের সমাপনী মজুদ
গ. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় - তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ
ঘ. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় - তৈরি পণ্যের সমাপনী মজুদ

১০. বই প্রকাশনী প্রতিষ্ঠানে কাগজ ক্রয়ের ব্যয় কোন ধরনের ব্যয় উপাদান?
ক. প্রত্যক্ষ কাঁচামাল
খ. পরোক্ষ কাঁচামাল
গ. কারখানা উপরিব্যয়
ঘ. অফিস উপরিব্যয়

**সৃজনশীল প্রশ্ন**

১. ঢাকার শাহীন ফুট কর্নারের ২০২৫ সালের জুন মাসের প্রথম সপ্তাহের লেনদেন নিম্নরূপ:
• রাজশাহী থেকে প্রতি ঝুড়ি ৫০০ টাকা দরে ২০০ ঝুড়ি আম ক্রয়।
• প্রতি ঝুড়িতে আমের পরিমাণ ১০ কেজি। এর জন্য মোট ট্রাক ভাড়া দিতে হয় ৫,০০০ টাকা এবং প্রতি ঝুড়ি আমের জন্য প্যাকিং খরচ দিতে হয় ২০ টাকা।
• ঢাকায় ট্রাক থেকে আম নামানোর পর দেখা গেল, ১০ ঝুড়ি আম সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে এবং বিক্রয়ের অনুপযোগী।
• আম বিক্রয়ের জন্য উক্ত সপ্তাহে দোকান ভাড়া ২,০০০ টাকা এবং বিক্রয় কমিশন ১,০০০ টাকা প্রদান করা হয়।

ক. উপর্যুক্ত তথ্য হতে বিক্রয়যোগ্য আমের পরিমাণ (কেজি) নির্ণয় করো।
খ. শাহীন ফুট কর্নারের বিক্রীত আমের মোট ব্যয় নির্ণয় করো।
গ. মোট ব্যয় ১,১৫,০০০ টাকা ধরে ২০% মুনাফায় প্রতি ঝুড়ি ও প্রতি কেজি আমের বিক্রয়মূল্য নির্ণয় করো।

২. আমিন পেপার হাউজ প্রতি দিস্তা ১৮ টাকা দরে ১০০ রিম কাগজ ক্রয় করে। এর জন্য মজুরি ৫০০ টাকা এবং গাড়ি ভাড়া ১,০০০ টাকা প্রদান করেন। কাগজ বিক্রয়ের জন্য দোকান ভাড়া বাবদ ২,০০০ টাকা, বিদ্যুৎ ও টেলিফোন বিল ১,০০০ টাকা এবং বিক্রয়কর্মীর কমিশন বাবদ ৫০০ টাকা ব্যয় করে। প্রতিষ্ঠানটি প্রতি দিস্তা কাগজে ২ টাকা লাভ করে থাকে।

ক. আমিন পেপার হাউজের প্রতি রিম কাগজের ক্রয়মূল্য নির্ণয় করো।
খ. আমিন পেপার হাউজের বিক্রীত প্রতি দিস্তা কাগজের মোট ব্যয় নির্ণয়
গ. বিক্রীত কাগজের মোট ব্যয় ৪০,০০০ টাকা ধরে আমিন পেপার হাউজের প্রতি দিস্তা কাগজের বিক্রয়মূল্য নিরূপণ করো।

৩. কুমিল্লার শাপলা প্রিন্টার্স, উত্তরা ব্যাংক প্রধান কার্যালয় থেকে ২০২৫ সালে ৫,৫০০টি ডায়েরি প্রস্তুতের একটি কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয়:

| | |
|---|---|
| কাগজ ক্রয় | ৭০,০০০ টাকা |
| ছাপার কালি ক্রয় | ২৫,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ১২,৫০০ টাকা |
| আঠা ও সুতা ক্রয় | ৫,০০০ টাকা |
| কারখানা ভাড়া | ১০,০০০ টাকা |
| কারখানার বিদ্যুৎ খরচ | ৩,৫০০ টাকা |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১২,০০০ টাকা |
| আপ্যায়ন খরচ | ১,৫০০ টাকা |

বিল আদায় খরচ দরপত্রে উদ্ধৃত মূল্যের-২%
প্রতিটি ডায়রির দরপত্রে উদ্ধৃত মূল্য- ৩৫ টাকা

ক. শাপলা প্রিন্টার্সের রূপান্তর ব্যয় নির্ণয় করো।
খ. শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়রির উৎপাদন ব্যয় নির্ণয় করো।
গ. মোট উৎপাদন ব্যয় ১,২৫,০০০ টাকা ধরে শাপলা প্রিন্টার্সের প্রতিটি ডায়রির লাভ বা ক্ষতি নির্ণয় করো।

৪. সোনালি গার্মেন্টস ২০২৫ সালের ১ মে হতে ৩১ মে পর্যন্ত মোট ৩০,০০,০০০ টাকা শার্ট বিক্রয় করে। শার্ট তৈরি ও বিক্রয়সংক্রান্ত খরচসমূহ নিম্নরূপ:

কাপড় ক্রয় ৪,২০,০০০ টাকা,
বোতাম ও অন্যান্য সামগ্রী ক্রয় ৪২,০০০ টাকা,
অব্যবহৃত কাপড়ের মূল্য ৬৫,০০০ টাকা,
তৈরি শার্টের প্রারম্ভিক মজুদ ১,৪৫,০০০ টাকা,
শ্রমিকদের মোট মজুরি ১২,০০,০০০ টাকা,
কারখানার আনুষঙ্গিক খরচ ৫২,০০০ টাকা,
টেলিফোন ও বিদ্যুৎ বিল ৯,০০০ টাকা,
পরিবহণ খরচ ১১,৫০০ টাকা,
প্রারম্ভিক চলতি কার্য ৭২,০০০ টাকা,
তৈরি শার্টের সমাপনী মজুদ ১,০৫,০০০ টাকা,
শো'রুমের ভাড়া ২১,৩০০ টাকা,
অফিস ভাড়া ১৮,০০০ টাকা,
বিক্রয়কর্মীর কমিশন ২৫,০০০ টাকা,

ক. উপর্যুক্ত তথ্য হতে ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো।
খ. সোনালি গার্মেন্টসের বিক্রীত শার্টের ব্যয় নির্ণয় করো।
গ. বিক্রীত পণ্যের ব্যয় ১৮,৫০,০০০ টাকা ধরে মুনাফা বা ক্ষতি নির্ণয় করো।

৫. আশরাফ এন্ড কোং এর ২০২৫ সালের ১ জানুয়ারি হতে ৩১ মার্চ পর্যন্ত সময়ের ইট তৈরি ও বিক্রয়সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

| | টাকা |
|---|---|
| মাটি ক্রয় | ১,৬০,০০০ |
| মাটি বহন খরচ | ৩,০০,০০০ |
| জ্বালানি খরচ | ২,০০,০০০ |
| শ্রমিকের মজুরি | ১,৪০,০০০ |
| ইট খোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ (প্রতি মাসে) | ১০,০০০ |
| মাটি ছানা করার খরচ | ২০,০০০ |
| অফিসের ভাড়া (প্রতি মাসে) | ১২,০০০ |
| যাতায়াত ও টেলিফোন | ১৪,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৪০,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ৬০,০০০ |
| বিক্রয় (২,০০,০০০ ইট)................ | ১৬,০০,০০০ |
| তৈরি ইটের প্রারম্ভিক মজুদ (৫০,০০০ ইট) ................. | ২,৫০,০০০ |
| তৈরি ইটের সমাপনী মজুদ (৬০,০০০ ইট) ............. | ২,৪৩,০০০ |

ক. উপর্যুক্ত তথ্য হতে উৎপাদিত ইটের পরিমাণ নির্ণয় করো।
খ. আশরাফ এন্ড কোং-এর একটি ত্রৈমাসিক উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করো।
গ. উৎপাদিত ইটের ব্যয় ৮,৫০,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় করো।

ইঙ্গিত: উৎপাদিত প্রারম্ভিক একক + তৈরি একক =বিক্রীত একক + উৎপাদিত সমাপনী একক।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**

১. ক্রয়মূল্য বলতে কী বুঝায়?
২. উৎপাদন ব্যয় কী?
৩. পরোক্ষ কাঁচামাল কী? ব্যাখ্যা করো।
৪. উপরিব্যয় কী?
৫. রূপান্তর ব্যয় বলতে কী বুঝায়?
৬. উৎপাদন ব্যয় বিবরণী বলতে কী বুঝায়?

দ্বাদশ অধ্যায়

# পারিবারিক ও আত্ম-কর্মসংস্থানমূলক উদ্যোগের হিসাব

## নমুনা প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. হিসাববিজ্ঞানের দৃষ্টিতে পরিবারকে বিবেচনা করা হয়-
ক. মুনাফাভোগী প্রতিষ্ঠান হিসেবে
খ. অমুনাফাভোগী প্রতিষ্ঠান হিসেবে
গ. মুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান হিসেবে
ঘ. অমুনাফাভোগী চলমান প্রতিষ্ঠান হিসেবে

২. পরিবারের বেশিরভাগ লেনদেন সংঘটিত হয়-
ক. নগদে
খ. চেকে
গ. ধারে
ঘ. বিনামূল্যে

৩. পারিবারিক বাজেট তৈরি হয়-
ক. সম্ভাব্য আয়ের ভিত্তিতে
খ. প্রকৃত আয়ের ভিত্তিতে
গ. সম্ভাব্য আয় ও ব্যয়ের ভিত্তিতে
ঘ. প্রকৃত আয় ও ব্যয়ের ভিত্তিতে

৪. প্রাপ্তি ও প্রদান হিসাবে লিপিবদ্ধ করা হয়-
i. মূলধন জাতীয় প্রাপ্তি
ii. মুনাফা জাতীয় প্রাপ্তি
iii. মুনাফা জাতীয় প্রদান
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৫. পারিবারিক আয় ও ব্যয় বিবরণীতে লিপিবদ্ধ করা হয়-
ক. চলতি বছরের মুনাফা জাতীয় ব্যয়
খ. বিগত ও চলতি বছরের মুনাফা জাতীয় ব্যয়
গ. চলতি ও পরবর্তী বছরের মুনাফা জাতীয় ব্যয়
ঘ. বিগত, চলতি ও পরবর্তী বছরের মুনাফা জাতীয় ব্যয়

৬. পারিবারিক আর্থিক বিবরণী কয়টি পর্যায়ে প্রস্তুত করা হয়?
ক. ২টি
খ. ৩টি
গ. ৪টি
ঘ. ৫টি

৭. পারিবারিক মুনাফা জাতীয় ব্যয়-
i. বাড়িঘর নির্মাণ
ii. শিক্ষা ব্যয়
iii. সম্পদ রক্ষণাবেক্ষণ খরচ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৮. পারিবারিক বাজেট প্রস্তুতের প্রথম পদক্ষেপ কোনটি?
ক. প্রয়োজনীয় দ্রব্যাদির তালিকাকরণ।

খ. সম্ভাব্য আয় নির্ধারণ।
গ. দ্রব্য বা সেবার মূল্য নির্ধারণ।
ঘ. দ্রব্য বা সেবার চাহিদা ও সরবরাহের তথ্য সংগ্রহকরণ

৯. পারিবারিক আর্থিক বিবরণীর ধাপ হলো-
i. নগদান হিসাব
ii. প্রাপ্তি ও প্রদান হিসাব
iii. আয়-ব্যয় বিবরণী

নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

**সৃজনশীল প্রশ্ন**

১. জনাব আহসান হাবিব মাসে ১২,০০০ টাকা বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়া তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসে ৫,০০০ টাকা সম্মানী পান। ২০২৫ সালের ১ জানুয়ারি তাঁর পরিবারের নগদ তহবিল ২,০০,০০০ টাকা এবং ডিপিএসে জমা ১,০০,০০০ টাকা ছিল। উক্ত বছরে তাঁর পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ: খাদ্যসামগ্রী ক্রয় ৩০,০০০ টাকা। বাড়িভাড়া প্রদান ৮০,৪০০ টাকা। দৈনন্দিন বাজার খরচ ২৪,০০০ টাকা। আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা। মুদি ও মনিহারি বিল ২,৫০০ টাকা। গহনা ক্রয় ৬০,০০০ টাকা। ডিপোজিট পেনশন স্কিমে জমা ২৪,০০০ টাকা, পোশাক ক্রয় ১১,০০০ টাকা।

ক. জনাব আহসান হাবিবের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো।
খ. জনাব আহসান হাবিবের পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো।
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো।

২. ১ জানুয়ারি ২০২৫ তারিখে ডা. মাহাদীর পারিবারিক অবস্থা নিম্নরূপ:

বাড়িঘর ১০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৯০,০০০ টাকা, বিনিয়োগ ১০,০০০ টাকা, গহনাপত্র ৮০,০০০ টাকা, হাতে নগদ ৩,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৬,০০০ টাকা।

ডা. মাহাদীর পারিবারিক প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১ ডিসেম্বর ২০২৫ সালের সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১/১/২৫) | ৩,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| বেতন | ৩,৬৩,০০০ | দৈনন্দিন বাজার | ১,২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | টেলিভিশন ক্রয় | ২৩,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,২০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষা খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ২১,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ২,২৫,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১/১২/২৫) | ৭,০০০ |
| | ৪,৮৭,৫০০ | | ৪,৮৭,৫০০ |

অন্যান্য তথ্য:

১. গ্যাস, পানি ও বিদ্যুৎ খরচ ১,৫০০ টাকা বকেয়া আছে।
২. বিনিয়োগের সুদ ১,০০০ টাকা পাওয়া যায়নি।

ক. ডা. মাহাদীর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো।
খ. ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত বছরের তার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো।
গ. উক্ত তারিখের ডা. মাহাদীর পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো।

৩. জনাব হান্নান একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। তিনি মাসে ৩০,০০০ টাকা বেতন পান এবং বছরে ২ বার ২০,০০০ টাকা করে বোনাস পান। ২০২৫ সালের ১ জানুয়ারি তাঁর পরিবারের নগদ তহবিল ১২,০০০ টাকা, বাড়িঘর ৫,৫০,০০০ টাকা, সরঞ্জাম ৬,০০০ টাকা এবং সহকর্মীর নিকট ঋণ ছিল ৪০,০০০ টকা।

সারা বছরে তাঁর পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ:

খাদ্যসামগ্রী ক্রয় ৭৮,০০০ টাকা, সহকর্মীর ঋণ পরিশোধ ৩০,০০০ টাকা, ঔষধ ও ডাক্তারের ফি ১৮,০০০ টাকা, বাড়ি মেরামত খরচ ৩১,০০০ টাকা, মোবাইল সেট ক্রয় ১৪,০০০ টাকা। বিদ্যুৎ ও টেলিফোন খরচ ৮,৬০০ টাকা। কাপড়চোপড় ক্রয় ৭,৫০০, কৃষি ফসল বিক্রয় ৪৮,৫০০ টাকা, ফ্রিজ ক্রয় ৩৬,০০০ টাকা। লেখাপড়ার খরচ ৪২,০০০ টাকা, ডি.পি.এস এ জমা ৩৬,০০০ টাকা। এছাড়া বিদ্যুৎ বিল বাবদ ৩,৪০০ টাকা বকেয়া রয়েছে।

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো।
খ. ২০২৫ সালের ৩১ ডিসেম্বর উক্ত পরিবারের সমাপনী নগদ তহবিল নির্ণয়।
গ. জনাব হান্নানের পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো।

৪. জনাব নান্নু মিয়ার পরিবারের ১ জানুয়ারি ২০২৫ তারিখের আর্থিক অবস্থা নিম্নরূপ:

দগদ তহবিল ২০,০০০ টাকা, বাড়িঘর ৩,৫০,০০০ টাকা, তৈজসপত্র ২৫,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, এবং ১২% ঋণ ৬০,০০০ টাকা। উক্ত বছরের শেষে তাঁর পরিবারের প্রাপ্তি প্রদান হিসাব নিম্নরূপ:

প্রাপ্তি-প্রদান হিসাব
২০২৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের

ডেবিট ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যালেন্স B/D | ২০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৭৭,৫০০ |
| বেতন | ১,৮০,০০০ | বাড়ি মেরামত | ৮,০০০ |
| পুরাতন টেবিল বিক্রয় | ৫,০০০ | ফ্রিজ ক্রয় | ২৮,০০০ |
| কৃষি ফসল বিক্রয় | ৩০,০০০ | বিদ্যুৎ বিল | ৬,০০০ |
| ফার্মেসি ব্যবসায়ের মুনাফা | ৭৫,০০০ | চিকিৎসা খরচ | ৩,৫০০ |
| | | ডিপিএস জমা | ৪৮,০০০ |
| | | সাইকেল ক্রয় | ১২,০০০ |
| | | লেখাপড়ার খরচ | ১৪,৫০০ |
| | | কাপড়চোপড় ক্রয় | ১৬,৭০০ |
| | | ঋণের সুদ | ৫,৮০০ |
| | | ব্যালেন্স C/D | ৯০,০০০ |
| | ৩,১০,০০০ | | ৩,১০,০০০ |

অন্যান্য তথ্য:

১. খাদ্যসামগ্রী ১,০০০ টাকার মজুদ আছে।
২. নির্ধারিত বিদ্যুৎ বিল ২ মাসের বকেয়া রয়েছে।

ক. চলতি বছরে উক্ত পরিবারের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো।
খ. উপর্যুক্ত তথ্য হতে পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো।
গ. পারিবারিক তহবিল ৩,৮৫,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

**সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন**
১. পারিবারিক হিসাব ব্যবস্থার বৈশিষ্ট্য লেখ।
২. পারিবারিক বাজেট কী? ব্যাখ্যা করো।
৩. পারিবারিক প্রাপ্তি-প্রদান হিসাব কীভাবে প্রস্তুত করা হয়?
৪. প্রাপ্তি-প্রদান হিসাব হতে আয়-ব্যয় বিবরণী প্রস্তুতের নিয়ম লেখ।
৫. পারিবারিক তহবিল বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো।